



নকশে পরিচয়



নক্ষত্র পরিচয়

বিকাশ রঞ্জন ভৌমিক সম্পাদিত



Banglainternet.com
অবধূত বইঘর

ଆକାଶନାୟ

অবধূত বইঘর

৩৪/২, নর্থ প্রেসক হল রোড, ঢাকা

প্ৰকাশকাল

২১শে বইমেলা-১৯৯৮

প্ৰচন্দ

এম, আর্ট, ঢাকা

ৰতু

[সম্পাদক কর্তৃক সংৰক্ষিত]

মুদ্রণ

উষা প্ৰিণ্টিং প্ৰেস

ময়া বাজার, ঢাকা

দাম : ৫০ টাকা মাত্ৰ

সূচীপত্ৰ

| | |
|-----------------------|----|
| গাতের আকাশে তারা | 13 |
| আকাশে তারামের গাঁতপথ | 22 |
| উত্তৰ আকাশের আবাসগুলি | 34 |
| গৌবের আকাশ | 39 |
| বৰ্ষায় আকাশ | 44 |
| শৱজুর আকাশ | 47 |
| হেমন্তের আকাশ | 52 |
| শৈতান আকাশ | 58 |
| বসন্তের আকাশ | 64 |
| ছাইপথ | 68 |
| হৱজুর আকাশে শুভ | 71 |

Banglainternet.com

রাতের আকাশে তারা

বন্দি আকাশ পরিষ্কার থাকে আর টান না থাকে তা হলে
রাতের আকাশ কেমন দেখতে হয় তা নিশ্চয়ই তোমরা জানো।
কালো কুচকুচে আকাশে চোখে পড়ে অসংখ্য হীরের মতো চকচকে
তারার ঝাঁক। তোমাদের মধ্যে ধারা গ্রামাঞ্চলে বা পাহাড়ী
এলাকায় থাকো তারা নিশ্চয়ই এই দৃশ্য নিয়মিত দেখতে পাও।
তবে শহরের আলো এবং ধৌয়া খূলোর মধ্য দিয়ে বেশির ভাগ
তারাই দেখতে পাওয়া যায় না। চোখে পড়ে কেবলমাত্র উজ্জ্বল
তারাঞ্চল। তবুও শহরের আকাশে অক্ষকার রাত্রে কয়েক শ
তারা শুধু চোখে দেখতে পাওয়া সম্ভব। গ্রামাঞ্চলের আকাশে
দেখতে পাওয়া যায় কয়েক হাজার।

তোমরা হয়তো ভাবছ এত তারা চিনতে পারা নিশ্চয়ই অসম্ভব
ব্যাপার। সত্যি কখন বলতে কি, সব তারা চিনতে না পারলেও
তাদের মধ্যে কয়েক শকে একটু চেষ্টা করলেই তোমরা চিনে নিতে
পার। তখন রাতের আকাশে তাদের দেখেই তোমরা তাদের নাম
বলে দিতে পারবে।


আকাশে তারাদের চিনতে যাতে সুবিধে হয়, সেজনো বহু
প্রাচীনকালে বিভিন্ন দেশের কৌতুহলী মাঝেরো এক অভিনব উপায়
বের করেছিলেন। তারা উজ্জ্বল তারাঞ্চল নিয়ে আকাশে বিভিন্ন
ছবির কলনা করেছিলেন, যাতে করে সহজেই তাদের চিনতে পারা
যায়। এই সব কালান্বিক ছবির মধ্যে মাহুব ও জীবজন্মের আকৃতি ত
ছিলই, এমন কি সংগ্রহের জাহাজ, দাঢ়িপালা এবং বাজনাৰ যন্ত্ৰ
ইত্যাদি বহু চেনাজানা বস্তুর আকৃতিও তাদের মধ্যে দেখতে পাওয়া

যায়। গোটা কয়েক উজ্জল তারা নিষে তৈরী এই সব কাল্পনিক আকৃতিকেই আমরা 'রাশি' বা তারামণ্ডল বলে জানি।

আধুনিক জ্যোতির্বিজ্ঞানে, আকাশে বৃত তারা দেখতে পাওয়া যায় তাদের মোট ৪৪টা তারামণ্ডলে ভাগ করা হয়েছে। তার মধ্যে 12টা আছে রাশিচক্রে যার বিষয় পরে তোমাদের বলব। বিভিন্ন তারামণ্ডলে ভাগ করে দেওয়ার ফলে, বুঝতেই পারছ, আকাশে তারা চেনার কত সুবিধে হয়ে গেছে। কয়েক হাজার আলাদা আলাদা তারার চেয়ে ৪৪টা তারামণ্ডল চিনে নেওয়া নিশ্চয়ই অনেক সোজা।

এখানে একটা কথা তোমাদের বলে রাখি। তোমরা খবরের কাগজ বা মাসিক পত্রপত্রিকায়, রাতের আকাশের মানচিত্র বা স্টারচার্ট নিশ্চয়ই দেখেছে। গোলাকার ঐ মানচিত্রে, বিভিন্ন তারামণ্ডলের অবস্থান দেখানো থাকে যা থেকে আকাশে তাদের

উজ্জ্বল



14

চিনে নেওয়া যেতে পারে। কিন্তু এই ধরনের মানচিত্র ব্যবহারের অনেক অসুবিধা আছে।

প্রথমত, ঠিকভাবে ব্যবহার করার জন্যে মানচিত্রটাকে মাধ্যার উপরে তুলে ধরে দেখতে হয়, বেটা খুবই অসুবিধাভঙ্গ। তা ছাড়া, প্রায় অর্ধগোলাকার আকাশটাকে একটা সমতলে দেখানোর দরুন বিভিন্ন তারামণ্ডলের আকৃতি এবং তাদের পরস্পরের ঘন্যেকার দূরত্বে অনেক বিকৃতি দেখা দেয়, যার ফলে অনেক সময় বিশেষ কোনও তারামণ্ডলকে খুঁজে বের করতে যথেষ্ট বেগ পেতে হয়।

আর একটা সমস্যা এই যে, এই সব মানচিত্র কেবলমাত্র কোনও একটি বিশেষ স্থানে এবং কোনও এক বিশেষ সময় ব্যবহারের জন্যেই তৈরী হয়। যেমন ধরে। 14 পৃষ্ঠার ছবিতে রাতের আকাশের বিভিন্ন তারামণ্ডলের যে অবস্থান দেখানো হয়েছে সেটা দেখা যাবে কেবল-মাত্র দিনৰ থেকে 1 জুন রাত ৭টার অথবা 16 জুন রাত ৮টার কিংবা 1 জুলাই সন্ধে ৭টায়। যদি তোমাদের কেউ আরও উভয়ে, ধরো কাশ্মীরে থাও। তা হলে দেখবে যে ঐ মানচিত্রে দক্ষিণ দিগন্তের কাছে যে সব তারা দেখানো হয়েছে সেগুলিকে আর দেখা যাবে না। আবার স্থূল দক্ষিণে, কেবল বা যাজ্ঞাজ্ঞে গেলেও ঐ একই ব্যপার। এবারে উভয় দিগন্তের কাছের তারাগুলিকে দেখতে পাওয়া যাবে না। সুতরাং বুঝতেই পারছ, মানচিত্র দেখে তারা চিনতে হলে প্রতিটি জ্যোতির্গার জন্যে চাই আলাদা আলাদা মানচিত্র।

অবশ্য এই অসুবিধা দূর করার খুব সোজা উপায় আছে। তা হলো প্রথমে কয়েকটা বিশেষ তারামণ্ডল ভালভাবে চিনে নেওয়া এবং পরে সেগুলিকে কেন্দ্র করে বাকি তারামণ্ডলগুলিকে খুঁজে বের করা।

ব্যাপারটা একটা বুঝিয়ে বলি। ধরো তোমাদের কেউ কলকাতা শহরে নতুন এসেছ। হাওড়া স্টেশন থেকে রামেল স্ট্রিটে যাবে, কিন্তু রাস্তা চেন না। কি করবে? যদি কলকাতা শহরের একটা মানচিত্র যোগাড় করতে পারো তা হলে তা থেকে

15

নিশ্চয়ই তোমার গন্তব্যস্থল খুঁজে নিতে পারবে। কিন্তু যদি আনচিত না থাকে? তা হলেও উপায় আছে। যদি তোমাকে কেউ রাস্তা বলে দেয়। যেমন ধরো, যদি তোমাকে বলি, হাওড়া বীজ থেকে ব্রেবোর্ন রোড ঝাইওভার দিয়ে নেমে বি. বা. দি. বাগকে ডাইনে রেখে সোজা রাজতবনের পাশ দিয়ে বাঁধিকে শহীদ মিনারকে রেখে মেয়ে রোড বরাবর গিয়ে পার্ক ষ্ট্রিটে চুক ডান-সিকের প্রথম রাস্তাটাই হলো রাসেল ষ্ট্রিট, তা হলে নিশ্চয়ই তোমার দেখানে পৌছতে কোনও অস্বীক্ষা হবে না। কারণ বি. বা. দি. বাগ, রাজতবন, শহীদ মিনার এগুলো সবকটই হলো কলকাতার বিশিষ্ট জায়গা, এদের চিনে নিতে মোটেই কোনও অস্বীক্ষা হওয়ার ক্ষমতা নয়।

আকাশে তারা চেনাটাও ঠিক একইভাবে করা যায়। যদি বিশেষ করেকটি তারামণ্ডলকে একবার ভাল করে চিনে নিতে পারো, পরে তাদেরকেই কেন্দ্র করে ডাইনে বাঁয়ে বা ওপরে নিচে দেখলেই বাকি তারামণ্ডলগুলিকে চিনে নিতে পারবে।

তারা চেনার সহজ উপায় জানবার আগে তারাদের দিয়ে কিছু জেনে নেওয়া দরকার। প্রথমেই দেখা যাক তারা বা নকশ আসলে কি।

আকাশে ঢকচকে বিন্দুর মতো দেখালেও আসলে কিন্তু প্রত্যেকটি তারাই বিশাল আকারের অলস্ত গ্যাসীয় পিণ্ড। এদের মধ্যে অনেকেরই আয়তন আমাদের সূর্যের চেয়ে কয়েক শ বা হাজার গুণ বেশি। কিন্তু বড় হলে কি হবে, এরা আমাদের পৃথিবী থেকে কোটি কোটি কিলোমিটার দূরে আছে, আর সেজন্যেই তারা এত ছোট দেখায়। আমাদের সূর্য মাঝারি আকারের একটা তারা, কিন্তু পৃথিবীর খুব কাছে ধাক্কা দস্তুর অত বড় দেখায়।

পৃথিবী থেকে তারাদের দূরত্বের একটা আনন্দজ তোমাদের দিই। পৃথিবী থেকে সূর্যের দূরত্ব প্রায় 15 কোটি কিলোমিটার। সূর্য থেকে পৃথিবীতে আলো পৌছতে লাগে প্রায় 9 মিনিট। সে

তুলনায় আমাদের সবচেয়ে কাছের যে তারা, নাম 'প্রিমা সেন্টার'। তার দূরত্ব প্রায় 42 লক্ষ কোটি (42 এর পরে বারটা শূন্য) কিলোমিটার। অর্ধাং সূর্যের দূরত্বের প্রায় 60,000 গুণ। প্রিমা সেন্টার থেকে পৃথিবীতে আলো পৌছতে লাগে 4.2 বছর। সেজন্যে জ্যোতিষিক্ষানের ভাষায় এই দূরত্বকে 4.2 আলোকবর্ষও বলা হয়। এটা তো হলো পৃথিবীর সবচেয়ে কাছের তারার দূরত্ব। বেশির ভাগ তারার দূরত্ব এর চেয়েও অনেক, অনেক বেশি। সে সব তারা থেকে আলো আসতে হাজার হাজার বছর সময় লাগে।

অনেক দূরে ধাক্কা দস্তুর তারাদের নিজস্ব গতি ধাকা সঙ্গেও পৃথিবী থেকে তাকিয়ে তাদের আকাশে স্থির মনে হয়। ব্যাপারটা একটা ছোট উদাহরণ দিলেই বুঝতে পারবে। ট্রেনে চড়ে যাওয়ার সময় তোমরা নিশ্চয়ই লক্ষ্য করেছ যে, রেল লাইনের কাছের গাছপালা খুব ক্রতবেগে চলে যাচ্ছে বলে মনে হয়। দূরের গাছ-পালা অত ক্রতবেগে চলে না, মনে হয় অনেক আল্টে চলছে। আরও দূরে আকাশের মেঘ দেখে মনে হয় প্রায় স্থির হয়ে আছে। আকাশে সূর্য বা চাঁদের বেলাতেও তাই। মানে দূরত্ব যত বেশি, প্রতীয়মান গতিবেগও তত কম মনে হয়। তারাদের বেলায়, হাজার হাজার বছর পরেও তাদের গতি চোখে পড়ে না। মনে হয় তারা যেন সত্যিই আকাশে স্থির হয়ে আছে। আর স্থির বলেই তাদের নিয়ে তারামণ্ডলগুলির কলনা করা সম্ভব হয়েছে।

বাতের আকাশে তারাদের মধ্যে একটা জিনিষ নিশ্চয়ই তোমরা লক্ষ্য করেছ। তাদের মধ্যে কোনওটা খুব উজ্জ্বল, আবার কোনও কোনওটা এত শ্বেত যে প্রায় দেখাই যায় না। এটা হয় ছটো কারণে। আগেই বলেছি সব তারা এক সাইজের নয়। তাদের মধ্যে কোনওটা ছেট, কোনওটা অতিকার আকারের। ছেট তারার চেয়ে বড় তারা বেশি কলজলে হবে সেটা স্থান্তরিক। অবশ্য তারার উজ্জ্বলতা তার তাপমানের উপর নির্ভর করে। যত বেশি তাপমান অত বেশি সে তারার উজ্জ্বল।

BanglaIntenet.com

কিন্তু আসলে কোনও তারার উজ্জ্ল্য থাই হোক না কেন, পৃথিবী থেকে আমরা তাকে কিরকম দেখবো সেটা নির্ভর করবে দূরত্বের ওপর। আসলে ধূম উজ্জ্ল হলেও কোন তারার দূরত্ব যদি বেশি হয় তবে তাকে ক্ষীণ দেখাবে। আবার আসলে উজ্জ্ল্য কম হলেও, যদি তারার দূরত্ব ব্যতীত হয় তবে তাকে অনেক উজ্জ্ল দেখাবে।

পৃথিবী খেকে কোন তারা কতখানি উজ্জ্ল দেখাচ্ছে তার একটা মাপকাঠিও আছে। তাকে বলা হয় তারার অভাব মান (magnitude)। প্রাচীনকালে জ্যোতিষীরা তারাদের উজ্জ্ল্য অনুসারে ছোট শ্রেণীতে তাগ করেছিলেন। সেসময় দূরবীন ইত্যাদি ছিল না। সূতরাঃ শুধু চোখে দেখেই তারার উজ্জ্ল্য বিচার করতে হত। এইভাবে, সূর্য অন্ত যাবার পরে প্রথমে যে-নব তারা আকাশে ফুটে ওঠে তাদের বলা হত প্রথম অভাব তারা। পরেরগুলো দ্বিতীয় অভাব, তার পরেরগুলো তৃতীয় অভাব। এইভাবে চতুর্থ, পঞ্চম ও বৃষ্টি অভাব তারাও চিহ্নিত করা হত। এখানে একটা কথা মনে রেখ, যালি চোখে কেবলমাত্র বৃষ্টি অভাব পর্যন্তই তারা দেখতে পাওয়া সম্ভব।

প্রবর্ত্তকালে দূরবীনের আবিষ্কারের পর দেখা গেল, তারার অভাব বা উজ্জ্ল্যের এই ক্রমিক শ্রেণীবিভাগে একটা বিশেষ সম্পর্ক আছে। যেমন ধরো, প্রথম অভাব তারার উজ্জ্ল্য যদি অভাব তারার উজ্জ্ল্যের চেয়ে 100 গুণ বেশি। এর মানে হলো এই যে, কোনও-একটি অভাব তারার উজ্জ্ল্য তার প্রবর্ত্তী অভাব তারার উজ্জ্ল্যের চেয়ে 2.51 গুণ বেশি। যেমন ধরো, প্রথম অভাব তারা দ্বিতীয় অভাব তারার চেয়ে 2.51 গুণ বেশি উজ্জ্ল, দ্বিতীয় অভাব তারা তৃতীয় অভাব তারার চেয়ে 2.51 গুণ বেশি উজ্জ্ল, ইত্যাদি। পরে ব্যৱহার দিয়ে মাপজোক করে দেখা গেল এমনও তারা আছে যার উজ্জ্ল্য প্রথম অভাব তারার উজ্জ্ল্যের চেয়েও বেশি। বিজ্ঞানীরা এদের নাম দিলেন শূন্য অভাব তারা। এই ‘হিসাবে’ আকাশের অন্য উজ্জ্ল জ্যোতিষগুলির

উজ্জ্ল্যের মানও ঠিক একইভাবে দেওয়া হলো। এখানে শূন্য অভাব তারার চেয়েও উজ্জ্ল জোড়িকে দেওয়া হলো নেগেটিভ বা বিয়োগ অভাব মান। যেমন ধরো, আকাশের উজ্জ্ল তারা লুক্কের মান—1.43, তার এহের (বখন দ্বচেয়ে উজ্জ্ল) —4.4, পূর্বিমার টানের —12.6 [স্থৰের —26.8] এখানে একটা কথা তোমরা নিশ্চয়ই বুঝতে পেরেছ। তারার অভাব মান বা সংখ্যা যত বেশি, তার উজ্জ্লতা তত কম। দ্বিতীয় যত কম, উজ্জ্লতা তত বেশি।

যে কোনও একটি তারামণ্ডলের তাদের উজ্জ্ল্য অনুসারে চিহ্নিত করা হয় গ্রীক বর্ণমালার অক্ষরগুলি দিয়ে। যেমন ধরো স্বচেয়ে উজ্জ্ল তারাটিকে বলা হয় আলফা (α), তার চেয়ে কম উজ্জ্ল তারাটিকে বিটা (β), তার পরেরটিকে গামা (γ) ইত্যাদি। অবশ্য বেশিরভাগ উজ্জ্ল তারাদেরই ডাক নাম আছে,



ছবি-2 তারাদের নামকরণ

যেমন বহু কুকুর মণ্ডলের আলফা তারাটির নাম ‘লুক্ক’ বৃক্ষিক বাসির আলফা তারাটির নাম ‘জোড়’ ইত্যাদি।

উজ্জ্ল্যের তারতম্য ছাড়াও আরও যে জিনিষটা সহজেই চোখে পড়ে তা হলো তারাদের ঝঁঝর পার্থক্য। একটু লক্ষ করলেই দেখতে

পৰে যে সব তাৰার রং এক নয়। কোনওটা নীলচে সাদা, কোনওটা একটু হলদেটে আৰার কোনওটাৰ রং লালচে। কয়েকটি তাৰামণ্ডলে এ পাৰ্থক্যটা থুব সহজেই চোখে পড়ে। যেমন ধৰো, কালপুৰুষ মণ্ডলের ছুটি উজ্জল তাৰা বাঁশৱাঙা ও আৰ্জা। অধমটিৰ রং উজ্জল নীলচে সাদা, অপৰটি লালচে হলুদ রং এৱ। বিথুন রাশিৰ ছুটি প্ৰথান তাৰা প্ৰথম ও দ্বিতীয় পুনৰ্বসুৰ বেলায়ও একই ব্যাপার। ছুটিৰ মধ্যে কেশী উজ্জল অধম পুনৰ্বসু লালচে হলুদ রং এৱ, দ্বিতীয় পুনৰ্বসুৰ রং নীলচে সাদা। বৃক্ষিক রাশিৰ প্ৰথান তাৰা জোষ্টাৰ রং গাঢ় লালচে বা সহজেই চোখে পড়ে। আৰার আকাশে সবচেয়ে উজ্জল তাৰাজুনকেৰ রং খৰখৰে সাদা।

তাৰাদেৱ মধ্যে এই যে রং এৱ পাৰ্থক্য এটা হয় তাৰেৱ উপৰি-তলেৱ তাপমানেৱ তাৰতম্যেৱ দক্ষ। যে সব তাৰার তাপমান থুব বেশী (25,000 ডিগ্রী বা তাৰও বেশী) তাৰেৱ রং হয় নীলচে সাদা। অপৰ দিকে, যে সব তাৰার তাপমান থুব কম (3,000 ডিগ্রী বা তাৰও কম) তাৰেৱ রং হয় গাঢ় লালচে হলুদ। ব্যাপোৱা অনেকটা এক খণ্ড লোহাকে গৱেষণ কৰাৰ মত। প্ৰথমে সেটা লাল হয়, তাৰপৰ তাপমান বাঢ়ায় সঙ্গে সঙ্গে তাৰ রং বদলায়। লাল থেকে লালচে হলুদ তাৰপৰ হলদে এবং সব শ্ৰেণী উজ্জল সাদা আলো বেগিয়ে আসে উজ্জল লোহার খণ্ডটি থেকে। তাৰাদেৱ বেলায় এটা হয় উজ্জল-শ্যাস পিণ্ডেৱ তাপমানেৱ তাৰতম্যেৱ দক্ষ।

আৱও একটা ব্যাপার আছে। দেখা গেছে, যে সব তাৰার তাপমান কম, অৰ্থাৎ বাদেৱ রং হলদে বা কমলা আয়তনে সে সব তাৰা বিশাল হয়। সে জন্য তাৰেৱ 'দানব' তাৰাও বলা হয়। আৰ্জা, জোষ্টা এৱা হলো 'লাল দানব' তাৰা। অৰ্থাৎ এ নিয়মেৰ ব্যাপ্তিক্রম আছে। এমন সব কমলা রং এৱ তাৰা আছে যাৱা আয়তনে থুবই ছোট। এসব তাৰাদেৱ বলা হয় 'লাল দানব'। তথে তাপমান কম এবং আয়তনে ছোট হওয়াৰ দক্ষ এসব তাৰার উজ্জল্য থুবই কম হয়। (সেন্টোসু তাৰামণ্ডলেৱ 'প্ৰিয়া সেটৱি' তাৰাটি এই জৈৰুক্ত)

ৰাতেৱ আকাশেৱ আৱ একটা বৈশিষ্ট্য এই যে, তাৰ নকশাটা ক্ৰমাগতভাৱে বদলে বাছে। যেমন ধৰো আগেৱ পাতাৰ ছবিতে যে নকশা দেখানো হয়েছে সেটা দেখা বাবে রাত ৭ টায় কেবলমাৰ্ত ১ জুন তাৰিখে। পৱেৱ দিন, অৰ্থাৎ ২ জুন রাত ৭ টায় কিন্তু এ নকশা বদলে বাবে। (কাৰণ প্ৰতিদিন আকাশেৱ তাৰামণ্ডলগুলো পশ্চিম দিকে প্ৰায় এক ডিগ্ৰী সৱে যায়) এটা হয় সূৰ্যেৰ চাৰপাশে কক্ষপথে পৃথিবীৰ বার্ষিক গতিৰ দক্ষ। আৱ এৱই কলে বছৰেৱ বিভিন্ন মাসে আকাশে বিভিন্ন তাৰামণ্ডলকে দেখতে পাওয়া যায়।


একটা কথা অৰ্থাৎ এখানে বলে বাবতে হবে। পৃথিবী থেকে আমৱা তাৰা কেবল ৰাতেৱ আকাশে দেখতে পাই। কাৰণ দিনেৱ বেলায় সূৰ্যেৰ প্ৰথাৰ তেজে বায়ুমণ্ডলেৱ ভেতৰ দিয়ে আকাশে তাৰা চোখে পড়ে না। কিন্তু তাৰ মাসে এই নয় যে, দিনেৱ বেলা আকাশে তাৰা থাকে না। পৃথিবীৰ চাৰপাশে বিবি বায়ুমণ্ডল না থাকত তবে দিনেৱ বেলাতেও আমৱা তাৰা দেখতে পেতাম, যেমন দেখা যায় চাঁদেৱ আকাশে।

পৃথিবীৰ বার্ষিক গতিৰ দক্ষ আৱ একটা ব্যাপার হয়। একে একে পশ্চিম আকাশে তাৰামণ্ডলগুলিৰ অন্তৰ্ধান এবং পূৰ্ব আকাশে নতুন তাৰামণ্ডলেৱ আৰিভাৰ। যেমন ধৰো, ১ জুন রাত ৭ টায় পশ্চিম দিগন্তে দেখা যায় বিথুন রাশিকে। সে সময় পূৰ্ব আকাশে দিগন্তেৱ ওপৰ থাকে থহুৰাশি। এক মাস পৱে। জুনাই রাত ৭ টায় পশ্চিম আকাশে মিথুন রাশিকে আৱ দেখা যায় না। ওদিকে পূৰ্ব দিগন্তে তখন দেখা দেৱ কুণ্ঠ রাশিকে। এইভাৱে চলতে চলতে এক বছৰ পৰ আৰার আকাশেৱ নকশা ঠিক আগেৱ অৰ্থাৎ কিৰে আসে।

আকাশে তারাদের গতিপথ

একটা খোলা মাঠে দাঢ়িয়ে আকাশটাকে কেবল দেখার ভোমরা নিশ্চয়ই জানো। দেখার ঠিক যেন একটা বিশাল অর্ধ গোলাকার উপুড় করা বাটির মতো। মাথার ওপরে আকাশটাকে মনে হয় সবচেয়ে উচু। আবার দিগন্তের কাছে যেন দে মাটি দু'রে আছে।

এখানে অবশ্য একটা কথা মনে রাখতে হবে, যে কোনও জায়গা থেকে পুরো আকাশের কেবলমাত্র অধেকটাই আমরা দেখতে পাই। বাকি অধেকটা থাকে দিগন্তের নিচে। দুইএ মিলে বলতে পারো হে, আকাশটা ইলো একটা বিশাল ফাঁপা গোলকের মতো ধার ঠিক কেন্দ্রস্থলে রয়েছে আমাদের পৃথিবী (যেমন ৩নং ছবিতে



চিত্ৰ-৩ খ-গোলক ও পৃথিবী

দেখানো হয়েছে)। ঈ গোলকের মধ্যে আকাশের গারেই আমরা দেখতে পাই চাঁদ, সূর্য আৰ গ্রহস্তরের আনাগোনা।

আসলে অবশ্য সমস্ত ব্যাপারটাই কানুনিক। আকাশের কোনও

নির্দিষ্ট আকার নেই, আৰ আকাশে বিভিন্ন জ্যোতিক্রমের দৈনিক গতিও কেবল আমাদের চোখের ভূম। কাৰণ পৃথিবীৰ চারপাশে রয়েছে অনন্ত শূন্য ঘাৰ কোনও সীমানা নেই। আকাশে চাঁদ, সূর্য তাৰা পূৰ থেকে পশ্চিমে চলছে মনে হয় পৃথিবী নিজেৰ অক্ষে ঘূৰছে বলে। তবুও তাৰা চেনাৰ জন্যে ঐ কানুনিক আকাশেৰ ব্যবহাৰেৰ অনেক সুবিধা আছে। যেমন ধৰো তাৰাদেৱ নিজ নিজ অবস্থান নির্ণয়ৰ বেলায়।

পৃথিবীৰ চারপাশে আকাশেৰ ঐ কানুনিক গোলককে জ্যোতি-বিজ্ঞানীৱা বলেন 'খ-গোলক'। পৃথিবীৰ (ভূ-গোলকেৱ) মতো খ-গোলকেৰও উভয় ও দক্ষিণ মেৰ এবং বিষুবন্ধু আছে বাদেৱ বল। হয় যথাক্রমে খ-উত্তৰমেঝ, খ-দক্ষিণমেঝ এবং খ-বিষুবন্ধু। পৃথিবীৰ অক্ষেৰখাকে উত্তৰমেঝ বৰাবৰ বাড়িয়ে দিলেই পাওয়া যায় খ-উত্তৰ-মেঝ, দক্ষিণমেঝ বৰাবৰ বাড়ালে পাওয়া যায় খ-দক্ষিণমেঝ, আৰ পৃথিবীৰ বিষুবন্ধুকে চারপাশে বাড়িয়ে দিলেই যায় খ-বিষুবন্ধু।

এছাড়া, ভূগোলকেৰ ওপৰ কানুনিক অক্ষাংশ এবং আধিমাৰ মতো খ-গোলকেৰ ওপৰেও খ-বিষুবন্ধুৰ সমান্তৰাল বৰাবৰ বিষুবন্ধু এবং উত্তৰ-দক্ষিণ বৰাবৰ বিষুবাংশ রেখা আকা থেকে পারে, ধাৰ সাহায্যে আকাশে যে কোনও তাৰা বা জ্যোতিক্রমেৰ অবস্থান নিৰ্ণয় কৰা খুবই সহজ হয়ে যায়। ব্যপারটা অনেকটা মানচিত্ৰে অক্ষাংশ এবং আধিমা দেখে কোনও আঞ্চনিক শহৰ খুঁজে বেৱ কৰাব মতো। তবে এখানে দুটোৱ মধ্যে একটু তফাত আছে।

ভূগোলকেৰ বেলায় অক্ষাংশ মাপা হয় ডিগ্রীতে বিষুবেখা থেকে নিয়ে উভয়ে এবং দক্ষিণে। বেমন ধৰো কলকাতাৰ অক্ষাংশ 22.5 ডিগ্রী উভয়; অন্টেলিয়াৰ শহৰ মেলবোর্নেৰ অক্ষাংশ 37.5 ডিগ্রী দক্ষিণ। এখানে বিষুবেখাৰ অক্ষাংশ ধৰা হয় শূন্য ডিগ্রী। খ-গোলকেৰ বেলায়ও বিষুবলক মাপা হয় ডিগ্রীতে খ-বিষুবন্ধু থেকে নিয়ে উভয়ে কিংবা দক্ষিণে। কিন্তু এখানে উভয় বিষুবন্ধুৰ জন্যে (+) চিহ্ন এবং দক্ষিণ বিষুবন্ধুৰ জন্য (-) চিহ্ন ব্যবহাৰ কৰা

হয়। মানে, ধ-বিষুবস্তৱের উভয়ের বক্ত তারা আছে তাদের বিষুবলম্ব
(+) আর দক্ষিণের তারাদের বিষুবলম্ব (-)। যেমন ধরো
আকাশের সবচেয়ে উজ্জ্বল তারা লুক্কের বিষুবলম্ব —16.5 ডিগ্রী।
মানে তারাটিকে দেখা যায় ধ-বিষুবস্তৱের দক্ষিণে। আর
একটি উজ্জ্বল তারা অভিজিৎ-এর বিষুবলম্ব +38.5 ডিগ্রী। এ
তারাটি আছে ধ-বিষুবস্তৱের উভয়ে।

বিষুবাংশের বেলায় ব্যাপারটা একটু গোলমেলে। ভূগোলকের
ওপর কোনও ছানের আধিমা যাপা হয় ইংলণ্ডের গ্রীনউইচ মধ্য-
রেখাকে কেন্দ্র করে পূর্ব বা পশ্চিমে। যেমন ধরো, কলকাতার
আধিমা হলো ৮৮ ডিগ্রী পূর্ব, মানে কলকাতা গ্রীনউইচের পূর্বে রয়েছে
আর তাদের ঘട্টেকার কৌণিক দূরত্ব ৮৮ ডিগ্রী। একইভাবে,
নিউইয়র্ক শহরের আধিমা ৭৫ ডিগ্রী পশ্চিম, মানে গ্রীনউইচের
পশ্চিমে এ শহরটির কৌণিক দূরত্ব ৭৫ ডিগ্রী। এখানে পূর্ব বা পশ্চিম
ধরা হচ্ছে গ্রীনউইচ মধ্যরেখাকে কেন্দ্র করে। ধ-গোলকের বিষু-
বাংশের বেলায় ঐ নির্দিষ্ট বিন্দুটি হলো মহাবিস্তুর বা মেরবিন্দু।
তবে এখানে মেরবিন্দুর পূর্ব বা পশ্চিম হিসাবে বিষুবাংশ মাপা হয়
না। তার বদলে, আকাশে মেরবিন্দুর মধ্যগমনের সময় থেকে নিয়ে
বে কোনও তারার মধ্যগমনের মধ্যে বে সময় (ষষ্ঠা, মিনিট ও
সেকেন্ড) সাগে সেটাই হলো সেই তারাটির বিষুবাংশ। যেমন ধরো,
পৃষ্ঠকের বিষুবাংশ ৬ ঘটা ৪০ মিনিট। এর মানে এই বে, আকাশে
মেরবিন্দুর মধ্যগমনের ৬ ঘটা ৪০ মিনিট পরে লুক্কের মধ্যগমন হয়।
এখানে লুক্কের মধ্যগমন বলতে কি বোঝায় একটু পরে বলছি।

বিষুবলম্ব ও বিষুবাংশ ছাড়া ধ-গোলকের আর একটা বৈশিষ্ট্য
হলো ক্রান্তিবৃত্ত। তোমারা নিশ্চয়ই লক্ষ করেছ বে, আকাশে সূর্য
সারা বছর এক জ্যোতির্য থাকে না। শীতকালে সে দক্ষিণদিকে
বুকে পড়ে, আবার গরমকালে উভয়ের সরে যায়। যদি প্রতিদিন
কোনও একটা নির্দিষ্ট সময়ে, ধরো দুপুরে, অ্যাকাশে সূর্যের অবস্থান
চিহ্নিত করে রাখা যায় তা হলে ক্রিবের শেষে সেই বিন্দুগুলি যোগ

করলে যে বৃত্তটি পাওয়া যাবে সেটাই হলো ক্রান্তিবৃত্ত। আমরা
বলতে পারি বে, ক্রান্তিবৃত্ত হলো আকাশে সূর্যের চলার পথ। তা
ছাড়া ঐ ক্রান্তিবৃত্তের ওপরেই দেখতে পাওয়া যায় রাশিচক্রের বারটি
রাশিকে।

ধ-গোলকের ওপর ক্রান্তিবৃত্ত ধ-বিষুবস্তৱের সঙ্গে ৩.৫
ডিগ্রী কেণাকুণ্ডিভাবে রয়েছে। এখন, যদি তোমরা মনে রাখো
বে পৃথিবীর অক্ষ তার কক্ষতলে ২৩.৫ ডিগ্রী হলে রয়েছে, তা
হলেই বৃত্ততে পারবে দুটোর মধ্যে সম্পর্কটা কি। যদি পৃথিবীর
অক্ষ হলে না থাকত তা হলে আকাশে সূর্য সারা বছর একই
জ্যোতির্য, ঠিক বিষুবরেখার ওপরে থাকত। তা ছাড়া ক্রান্তিবৃত্ত আর
ধ-বিষুবস্তৱ তা হলে একই হত।

আড়াআড়িভাবে থাকার দক্ষন ক্রান্তিবৃত্ত ধ-বিষুবস্তৱকে দুটো
বিন্দুতে হেদ করে, যাদের বলা হয় বিষুববিন্দু। এদের মধ্যে
একটি হলো মহাবিস্তুর এবং অগ্ন্য জলবিস্তু। এই দুটি বিন্দুতে
থখন সূর্য আসে তখন সে থাকে আকাশে ঠিক বিষুবস্তৱের ওপর।
ফলে বছরে দুটি দিনে —(২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর— পৃথিবীর দুর
জ্যোতির্য দিন-রাতি সমান হয়)

তারা চেনার জন্যে আরও দুটো জিনিস চিনে নেওয়া দরকার।
মেস্টলো হলো সুবিন্দু এবং ধ-মধ্যরেখা। প্রথমটি হলো মাধ্যাব ঠিক
ওপরে আকাশে একটা কালোনিক বিন্দু। দ্বিতীয়টি হলো একটি
কালোনিক রেখা যা সুবিন্দুকে ঠিক উভয় ও দক্ষিণ দিগন্তের সঙ্গে
যোগ করছে। ধ-মধ্যরেখার প্রধান বৈশিষ্ট্য এই বে, আকাশের
প্রতিটি জ্যোতিষ্ক প্রতিদিন একবার, দিনের বেলায়ই হোক কিংবা
রাত্রে, ঐ রেখা পূর্ব থেকে পশ্চিমে পার হয়, যাকে বলা হয় মধ্যগমন।
এখানে মনে রেখো মধ্যগমনের সময় বে কোনও জ্যোতিষ্ক আকাশে
দক্ষিণ দিগন্তের ওপর সর্বোচ্চবিন্দুতে থাকে, আর সেজন্তে মধ্যগমনই
হলো যে কোনও তারামণ্ডলকে চিনে নেওয়ার সবচেয়ে ভাল সময়।


এতক্ষণ যা নিয়ে আলোচনা হলো সেদুর তোমাদের কাছে হয়তো একটু জটিল মনে হতে পারে। তোমরা হয়তো ভাবছ যে, শুধু চোখে তারা চেমার জ্যে এসবের আবার দরকার কি? দরকার হয়তো এখনই পড়বে না। তবে একটু চেষ্টা করে যদি ব্যাপারটা বুঝে নিতে পারো তা হলে দেখবে আকাশে তারাদের চালচলন বুঝতে কত সুবিধে হয়ে যাবে।

এবাবে এসো দেখা যাক, বাতের আকাশে তারাদের চলন কেমন দেখায়। আগেই বলেছি, পূর্ব থেকে পশ্চিমে তারাদের চলন হলো আমাদের চোখের ভূম। পৃথিবী নিজের অক্ষে পশ্চিম থেকে পূর্ব দ্বারা বলেই আমন মনে হয়। আকাশের সব তারাই কিন্তু পূর্ব থেকে পশ্চিমে চলতে দেখাব না। সেটা নির্ভর করে আকাশে কোন জ্যায়গায় তারাটি আছে, মানে তার বিষ্঵বস্তু ও বিষ্ববাংশ কি, তার উপর। যেমন ধরো উভয়ে গ্রহতারার বেলায়। পৃথিবীর আকাশে গ্রহতারাকে দেখে মনে হয় যেন স্থির হয়ে আছে। এর কারণ এই যে, খণ্ডোলকে গ্রহতারার অবস্থান ঠিক খ-উভয়মেঝের উপর (আদলে একটু পাশে), অর্থাৎ সে আছে পৃথিবীর অক্ষ বরাবর ঠিক উভয়মেঝের উপর। এর ফলে আকাশে তার অবস্থানের উপর পৃথিবীর আঙ্কিক গতির কোনও প্রভাব পড়ে না।

আকাশের বাকি সব তারা মনে হয় যেন গ্রহতারাকে কেন্দ্র করে তার চারপাশে দ্বর্বারে। এর ফলে কিছু তারা পূর্ব দিকে উদয় হয়ে পশ্চিমে অস্ত যাব। কিছু উভয়ের পূর্বে উঠে উভয়পশ্চিমে অস্ত যায়, আবার কিছু দক্ষিণপূর্বে উঠে দক্ষিণপশ্চিমে অস্ত যায়। কেন তারা কোন দিকে উঠে আর অস্ত যায় সেটা নির্ভর করে হাতি জিনিসের উপর। এক : তারাটির বিষ্঵বস্তু কি এবং দুই : কোথা থেকে দেখা হচ্ছে।

যেমন ধরো যদি উভয়মেঝের থেকে আমরা আকাশটাকে দেখি, তবে দেখব যে গ্রহতারা রয়েছে ঠিক রাখার উপর। উভয় আকাশের বাকি সব তারা তাকে দিবে দিগন্তের সমাঞ্জস্যালে পাক দেতে দেখা যাবে। সেগুলি কখনোই অস্ত যাবে না।

অবশ্য তাদের দেখতে পাওয়া যাবে কেবলমাত্র যখন সূর্যদিগন্তের নিচে থাকবে তখনই। আর একটা কথা, এখান থেকে দক্ষিণ আকাশের কোনও তারাই কিন্তু দেখতে পাওয়া যাবে না। কারণ সেগুলি সারা বছরই দিগন্তের নিচে থাকবে।



ছবি—৪ আকাশে তারার চলন

আবার, যদি আমরা বিষ্঵বরেখার উপর কোনও জ্যায়গা থেকে দেখি, তা হলো আকাশে তারাদের চলন হবে একেবারে অন্যদিক। সেখান থেকে গ্রহতারাকে দেখা যাবে একেবারে উভয় দিগন্তে। বাকি সব তারা আকাশে চলবে ঠিক পূর্ব-পশ্চিম রেখা বরাবর। বিষ্঵বরেখা থেকে আকাশ দেখাব একটা বিশেষ সুবিধা হলো উভয় ও দক্ষিণ আকাশের প্রায় সমস্ত তারাই এখান থেকে দেখতে পাওয়া যাব।

এবাবে দেখা যাক মাঝানামি অক্ষাংশের কোনও জ্যায়গা থেকে আকাশটা কেমন দেখাবে। বিষ্঵বরেখার উভয় থেকে দক্ষিণ আকাশের কিছু তারা কখনোই দেখতে পাওয়া সম্ভব নহ, কারণ


এতক্ষণ যা নিয়ে আলোচনা হলো সেসব তোমাদের কাছে হয়তো একটু জটিল মনে হতে পারে। তোমরা হয়তো ভাবছ যে, শুধু চোখে তারা চেনার জন্যে এসবের আবার দরকার কি? দরকার হয়তো এখনই পড়বে না। তবে একটু চেষ্টা করে যদি ব্যপারটা বুঝে নিতে পারো তা হলে দেখবে আকাশে তারাদের চালচলন বুঝতে কত সুবিধে হয়ে যাবে।

এবাবে এসো দেখা যাক, রাতের আকাশে তারাদের চলন কেমন দেখায়। আগেই বলেছি, পূর্ব থেকে পশ্চিমে তারাদের চলন হলো আমাদের চোখের ভৰ্ম। পৃথিবী নিজের অক্ষে পশ্চিম থেকে পূর্ব যুরছে বলেই অমন মনে হয়। আকাশের সব তারাই কিন্তু পূর্ব থেকে পশ্চিমে চলতে দেখায় না। সেটা নির্ভর করে আকাশে কোন জ্যায়গায় তারাটি আছে, মানে তার বিশুলভ ও বিশুবাংশ কি, তার উপর। যেমন ধরো উভরে শ্রবতারার বেলায়। পৃথিবীর আকাশে শ্রবতারাকে দেখে মনে হয় যেন স্থির হয়ে আছে। এর কারণ এই যে, খণ্ডগোলকে শ্রবতারার অবস্থান ঠিক খ-উভরমেঝের উপর (আসলে একটু পাশে), অর্থাৎ সে আছে পৃথিবীর অক্ষ বরাবর ঠিক উভরমেঝের উপর। এর ফলে আকাশে তার অবস্থানের উপর পৃথিবীর আঙ্কিক গতির কোনও প্রভাব পড়ে না।

আকাশের বাকি সব তারা মনে হয় বেন শ্রবতারাকে কেন্দ্র করে তার চারপাশে ঘূরছে। এর ফলে কিছু তারা পূর্ব দিকে উদয় হয়ে পশ্চিমে অস্ত যায়। কিছু উভর পূর্বে উঠে উভরপশ্চিমে অস্ত যায়, আবার কিছু দক্ষিণে উঠে দক্ষিণপশ্চিমে অস্ত যায়। কোন তারা কোনদিকে ওঠে আর অস্ত যায় সেটা নির্ভর করে হাতি জিনিসের উপর। এক : তারাটির বিশুলভ কি এবং হই : কোথা থেকে দেখা হচ্ছে।

যেমন ধরো যদি উভরমেঝের থেকে আমরা আকাশটাকে দেখি, তবে দেখব যে শ্রবতারা রয়েছে ঠিক মাথার উপর। উভর আকাশের বাকি সব তারা তাকে দ্বিরে দিগন্তের সমান্তরালে পাক খেতে দেখা যাবে। সেগুলি কখনোই অস্ত যাবে না।

অবশ্য তাদের দেখতে পাওয়া যাবে কেবলমাত্র যখন সূর্যদিগন্তের নিচে থাকবে তখনই। আর একটা কথা, এখান থেকে দক্ষিণ আকাশের কোনও তারাই কিন্তু দেখতে পাওয়া যাবে না। কারণ সেগুলি সামান্য বছরই দিগন্তের নিচে থাকবে।



ছবি--4 আকাশে তারার চলন

আবার, যদি আমরা বিশুবরেখার উপর কোনও জ্যায়গা থেকে দেখি, তা হলে আকাশে তারাদের চলন হবে একেবারে অন্তরকম। দেখান থেকে শ্রবতারাকে দেখা যাবে একেবারে উভর দিগন্তে। বাকি সব তারা আকাশে চলবে ঠিক পূর্ব-পশ্চিম রেখা বরাবর। বিশুব-রেখা থেকে আকাশ দেখার একটা বিশেব সুবিধা হলো উভর ও দক্ষিণ আকাশের প্রায় সমস্ত তারাই এখান থেকে দেখতে পাওয়া যায়।

এবাব দেখা যাক মাঝামাঝি অঙ্কাশের কোনও জ্যায়গা থেকে আকাশটা কেবল দেখাবে। বিশুবরেখার উভর থেকে দক্ষিণ আকাশের কিছু তারা কখনোই দেখতে পাওয়া সম্ভব নহ, কারণ

সেগুলি কখনোই দিগন্তের ওপরে উঠে না। অপরদিকে উভয় আকাশের কিছু তারা কখনোই অস্ত থায় না। (অবশ্য তাদের দেখা যায় কেবল বাত্তিরে)। বিশ্বরেখার দক্ষিণ দিকেও একই ব্যাপার। সেখান থেকে দক্ষিণ আকাশের কিছু তারা কখনোই অস্ত থায় না, আবার উভয় আকাশের কিছু তারা কখনোই উদয় হয় না।


সূতরাং বুবতে পারছো, রাতের আকাশটা কেমন দেখাবে আর তাতে তারাদের চলন কেমন হবে সেটা নির্ভর করবে যেখান থেকে দেখা হচ্ছে সেখানকার অক্ষাংশের ওপর। একটা উদাহরণ দিই। ধরো আমরা জানতে চাই কলকাতার আকাশে কোন্ তারা কখনোই অস্ত থাবে না আর কোন্ তারা কখনোই উদয় হবে না। কলকাতার অক্ষাংশ 22.5° ডিগ্রী উভয়। সামান্য হিসেব করলেই দেখা যাবে যে, $(90 - 22.5)$ বা 77.5° উভয় বিশ্বলম্বের ওপরে, মানে $+77.5$ ডিগ্রী ও $+90$ ডিগ্রী বিশ্বলম্বের মধ্যে, যে সব তারা আছে সেগুলি কলকাতার আকাশে কখনোই অস্ত থাবে না।

আবার ঠিক একইভাবে দক্ষিণ আকাশে -77.5° ডিগ্রী এবং -90 ডিগ্রী বিশ্বলম্বের মধ্যে যে সব তারা আছে তাদের কখনোই কলকাতার আকাশে দেখতে পাওয়া যাবে না।

রাশিচক্র ও নক্ষত্র

ক্রান্তিকৃত কি দে বিষয় তোমাদের আগেই বলেছি। ক্রান্তিকৃতকে আমরা আকাশে সূর্যের চলনপথে বলতে পারি, যার ওপরে সূর্যকে প্রতিদিন প্রায় এক ডিগ্রী করে পশ্চিম থেকে পূর্বে সরে যেতে দেখা যায়। এইভাবে সরতে সরতে 365 দিনে, মানে ঠিক এক বছরে, সূর্য আবার আকাশের ঠিক একই জায়গায় ফিরে আসে। ক্রান্তি-

ঝ- উত্তর মেরু



চৰি—৫ খণ্ডকের ওপর রাশিচক্র

Banglainternet.com


বৃত্তের তৃপাশে, উভয়ে ও দক্ষিণে, প্রায় 9 ডিগ্রী পর্যন্ত প্রায় 18 ডিগ্রী চওড়া আকাশের এলাকাকেই বলা হয় রাশিচক্র। আকাশের 88টি তারামণ্ডলের মধ্যে 12টিকে (যাদের 'রাশি'ও বলা হয়) দেখা যায় এই রাশিচক্রের ওপর। বারোটি রাশির নাম যথাক্রমে মেষ, বৃষ, মিথুন, কুণ্ঠ, সিংহ, ক্ষুণ্ণ, জুলা, বৃশিক, বৃষ, মকর, কুণ্ঠ ও মীন।

প্রাচীনকালে মানুষের কাছে রাশিচক্রের তারামণ্ডলগুলি ছিল খুবই জুক্তপূর্ণ। কারণ সে সময় এই রাশিচক্রের ওপর টাঁদ সূর্য ইত্যাদির অবস্থানই ছিল মানুষ অঙ্গ বছর জ্ঞানবার একমাত্র উপায়। আজও এই নিয়ম ক্যালেন্ডার ও পঞ্জিকা তৈরীর কাজে ব্যবহার করা হয়।

দেখতে গেলে, রাশিচক্রকে আমরা খ-গোলকের ওপর বিশাল একটা ঘড়িও বলতে পারি, যাতে করে বছরের বিভিন্ন মাস ও অঙ্গুর হিসেব পাওয়া যায়। ঘড়ির ডায়ালে যেমন এক ধেকে বারো পর্যন্ত সংখ্যা থাকে, ঠিক তেমনই রাশিচক্রের বারোটি রাশি হলো। বছরের বারোটি মাসের নির্দেশক। অবশ্য এখানে ঘড়ির ডায়ালটা চ্যান্টা, গোলাকার নয়, বরং তার আকার হলো অনেকটা একটা চওড়া ব্রেসলেটের মত।

সাধারণ ঘড়িতে সময় বোঝা যায় কীটা কোথায় আছে তা দেখে। রাশিচক্রের বেলায় সে কাঙ্টা করে সূর্য। প্রতি মাসে সূর্য এক রাশি ধেকে আর এক রাশিতে সরে যায়। ফলে কোন রাশিতে সূর্য আছে, তা দেখেই সেটা কোন মাস তা বলে দেওয়া যেতে পারে। যেমন ধরো, বৈশাখ মাসে সূর্য থাকে মেষ রাশিতে, জ্যেষ্ঠ মাসে তাকে দেখা যায় বৃষ রাশিতে, আবাঢ় ও শ্রাবণ মাসে মিথুন ও কুণ্ঠে। এইভাবে চলতে চলতে কালুন মাসে সূর্য গিয়ে পৌছয় কুণ্ঠ রাশিতে। জ্যেষ্ঠ মাসে তাকে দেখা যায় মীন রাশিতে। বৈশাখে সে আবার ফিরে আসে মেষ রাশিতে। এইভাবে চলতে থাকে বছরের প্রতি বছর।

অবশ্য একটা কথা মনে রেখ। এই যে এক রাশি থেকে অন্য রাশিতে সূর্যের চলন, এটা কিন্তু কেবলমাত্র একটা প্রতীয়মান ঘটনা। আসলে সূর্যের চারপাশে পৃথিবীর ঘোরার দরজনই ওরকম মনে হয়। কেমন করে ওটা হয় নিচের ছবি দেখলেই বুঝতে পারবে।



চৰি—৬ রাশিচক্রের রাশিগুলির মধ্য দিয়ে সূর্যের অপাত গতি

তোমরা হয়তো ভাবছ যে, সূর্য কোন রাশিতে আছে তা দেখে বুঝবে কি করে। কারণ সূর্যের আলোয় তো আর আকাশে রাশি বা তারামণ্ডলকে দেখতে পাওয়া সম্ভব নয়। হাঁ, কথাটা ঠিকই। কিন্তু একটা সোজা উপায় আছে। তোমরা নিশ্চয়ই জানো বে, পূর্ণিমার দিন টাঁদ থাকে সূর্যের উল্টো দিকে, মানে সূর্য ধেকে ঠিক 180 ডিগ্রী দূরে। এখন যদি পূর্ণিমার রাতে টাঁদ কোন রাশিতে আছে দেখে নেওয়া যায় তা হলে সূর্য সে সময় কোন রাশিতে আছে তা সহজেই বের করে নেওয়া যেতে পারে। কারণ যে রাশিতে টাঁদ আছে তার পরে সপ্তম রাশিতেই থাকবে সূর্য। বেমন ধরো, কোনও পূর্ণিমায় টাঁদকে দেখা গেল মকর রাশিতে, তা হলে বুঝে নিতে হবে যে সূর্য সে সময় বয়েছে কুণ্ঠ রাশিতে।

এর ধেকেও সোজা একটা উপায় আছে, যাতে করে পূর্ণিমা পর্যন্ত অপেক্ষা না করেও বলে দেওয়া যেতে পারে সূর্য বোধায় আছে। তোমাদের আগে বলেছি যে, আকাশের প্রতিটি জ্যোতিক

ও তারামণ্ডল প্রতিদিন একবার খ- মধ্যবেরাকে পূর্ব থেকে পশ্চিমে
পার করে যাকে বলা হয় মধ্যগমন। সূর্য মধ্যগমন করে ঠিক হৃপুরে।
সূতরাং সূর্যের ঠিক উল্টোদিকে রাশিচক্রে যে তারামণ্ডলটি আছে,
মানে সূর্য যে রাশিতে আছে তার থেকে সুপ্রয় রাশিটি, মধ্যগমন
করবে ঠিক মাঝ রাশিতে। মাঝ রাশিতে কোন রাশিটি মধ্যগমন
করছে তা চিনে নেওয়া মোটেই কঠিন নয় (অবশ্য তার আগে
রাশিচক্রের রাশিগুলিকে ভালভাবে চিনে নিতে হবে)। সূতরাং
সূর্য কোন রাশিতে আছে সেটাও সহজে বের করা যেতে পারে।

রাশিচক্রের উপর সূর্যের চলনের হিসেব রাখবার জন্যে বারোটি
রাশিই যথেষ্ট। কারণ বারো মাসে সূর্য এই ক'টি রাশিই অতিক্রম
করে। কিন্তু চাঁদের বেলায় হিসেবটা একটু জটিল। রাশিচক্রের
উপর চাঁদ প্রতি দিনে 13 ডিগ্রীর 'কিছু বেশি পশ্চিম থেকে পূর্বে
সরে যায়। কলে এক রাশি বা 30 ডিগ্রী অতিক্রম করতে তার
লাগে প্রায় সোৱা হ'দিন। মানে, পূরো রাশিচক্রের বারোটি রাশি
পেরিয়ে আসতে চাঁদের লাগে প্রায় 27 দিন 8 ঘণ্টা। এরকম
একটা হিসাব রাখতে কত অসুবিধা তা বুঝতেই পারছ। এই
অসুবিধা দূর করার জন্যেই বোধ হব প্রাচীনকালের বৈদিক হিন্দুরা
রাশিচক্রকে 27টি অংশে ভাগ করেছিলেন, যাদের প্রত্যেকটিকে
কলা হয় এক একটি 'নক্ষত্র'। প্রতিটি নক্ষত্রে চাঁদকে মাঝ এক দিন
করে দেখা যায়। যেমন ধরো, আজ যদি চাঁদকে দেখা যায় কৃতিকা
নক্ষত্রে, তবে আগামীকাল সে থাকবে রোহিণী নক্ষত্রে, পরের দিন
সে চলে যাবে মৃগশিরা নক্ষত্রে। এইভাবে চলতে চলতে 27 টি দিন
পরে সে আবার কিমে আসবে কৃতিকা নক্ষত্রে।

বলা হয় যে রাশিচক্রের 27টি চান্দ নক্ষত্রের নাম রাখা হয়েছে
27টি উজ্জল তারার নামে। আসলে কিন্তু সব কটি চান্দ নক্ষত্রেই
বে উজ্জল তারা আছে তা নয়। বরং কয়েকটি নক্ষত্র এতই অসুজ্জল যে
ক্ষু চোখে তাদের চেনা বেশ কঠিন ব্যাপার। আধুনিক জ্যোতি-
রিজ্ঞানে 'নক্ষত্র' শব্দিকে চিহ্নিত করা হয় বিভিন্ন তারামণ্ডলের 27টি

উজ্জল ও অসুজ্জল তারা দিয়ে। এদের বেশির আগই হলো
রাশিচক্রের বাইরের তারামণ্ডলের তারা। তবুও সব তারাদের
বিহু চিনে নিতে পারো। তা হলো চাঁদের 'নক্ষত্র'-গুলিকেও সহজে
চিনে নিতে পারবে।

চান্দ নক্ষত্রের বিষয় একটা কথা তোমাদের কলা হয় নি। তা
হলো এই যে, আমাদের ভারতীয় ক্যালেণ্ডারে মাসের নামগুলি,
বেমন বৈশাখ, জ্যেষ্ঠ, আষাঢ়, আবণ ইত্যাদি রাখা হয়েছে এই 27টির
মধ্যে 12টি চান্দ নক্ষত্রের নামসমাবে। হিসেবটা হলো এরকম।
পূর্ণিমার দিন চাঁদ যে নক্ষত্রে থাকে নেই নক্ষত্রের নামসমাবেই
মাসের নাম। যেমন ধরো, বৈশাখ মাসে পূর্ণিমার দিন চাঁদকে দেখা
বায় বিশাখা নক্ষত্রে, জ্যেষ্ঠ মাসে পূর্ণিমার দিন জ্যোষ্ঠা নক্ষত্রে।
এই ভাবে আবণ মাসে শ্রবণ নক্ষত্রে, আধিন মাসে অশ্বিনী
নক্ষত্রে, কার্তিক মাসে কৃতিকা নক্ষত্রে, পৌষ মাসে পুষ্য নক্ষত্রে
পূর্ণিমার চাঁদকে দেখা যায়। অবশ্য এখানে আমরা মাস বলতে
চান্দমাসের কথাই বলছি, যাতে দিনের সংখ্যা 29। সাধাৰণ
ক্যালেণ্ডারের মাসের বেলায় ব্যাপারটা কিন্তু বাটে না।

রাশিচক্রের রাশি ও নক্ষত্রের বিষয় যে সব কথা বললাম তা
থেকে বুঝতেই পারছ যে, আমাদের দৈনিক জীবনের সঙ্গে তাদের
কত ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। আজও আমাদের দেশে পূজোপূর্ব
ইত্যাদির তাৰিখ নির্ধাৰণ কৰা হয় রাশিচক্রের উপর চাঁদ ও সূর্যের
অবস্থানের ভিত্তিতে। কিন্তু একটা কথা মনে রেখ। রাশি-নক্ষত্রের
সঙ্গে কোনও দৈব ঘটনার সম্পর্ক নেই। আর কোন রাশিতে কোন
এই আছে তাৰ সঙ্গে মাঝবের ভবিষ্যতের কোনও যোগাযোগ নেই।
ওমব হলো কেবল মাঝ প্রাকৃতিক ঘটনা, যার ব্যাখ্যা আজ আমাদের
কাছে আছে। আকাশের তারামণ্ডলগুলিকে বিহু চিনে নিতে পারো,
তা হলো বুঝতে পারবে সব ব্যাখ্যা কত সহজ।

উত্তর আকাশের তারামণ্ডল


আকাশের তারামণ্ডলগুলির যে ক'টিকে খুব সহজেই চিনে নেওয়া যায় তাদের হচ্ছি হলো সপ্তর্ষি মণ্ডল বা Ursa Major এবং ক্যাসিওপিয়া(Cassiopeia)। এ হচ্ছিকে দেখা যায় অবতারা বা Pole Star-এর দ্পাশে। উত্তরের দেশগুলি থেকে (যে সব জ্যুগার অক্ষাংশ 40 ডিগ্রী উত্তরের বেশি) সপ্তর্ষি ও ক্যাসিওপিয়া তারামণ্ডল হচ্ছিকে সারা বছৱই এক সঙ্গে দেখতে পাওয়া যায়। কারণ দেখানের আকাশে এছাটি কখনোই অস্ত যায় না। কিন্তু ভারত থেকে এছাটিকে একসঙ্গে কেবলমাত্র কিছু সময়ের জন্যেই দেখতে পাওয়া যায়। বেশির ভাগ সময়ই তাদের একটিই দিগন্তের ওপরে থাকে।

সপ্তর্ষির নাম থেকেই নিশ্চয়ই বুরতে পারছ যে, তারামণ্ডলটি সাতটি তারা নিয়ে তৈরী। আসলে কিন্তু ঠিক তা নয়। আধুনিক হিসাবে সপ্তর্ষির সাতটি তারা হলো আরো বড় একটি তারামণ্ডলের অংশমাত্র। বড় তারামণ্ডলটির নাম Ursa Major বা 'বৃহৎ ভালুক'। তারামণ্ডল দিয়ে ভালুকের আকৃতি কি করে তৈরী হয়েছে তা ছবিতে দেখানো হয়েছে। তবে এখানে একটা আল্পর্ষ ব্যাপার আছে। ভালুকের আসলে লেজ থাকে না, কিন্তু ছবিতে সপ্তর্ষির তিনটি তারাকে দেখানো হয়েছে ভালুকের লেজের অংশ হিসেবে। এটা কেমন করে এলো তা আসাদের জানা নেই। বাই হোক, একটু শক্ত করে দেখলে পরে হয়তো তোমরা সপ্তর্ষির এই লেজওয়ালা ভালুকটিকে চিনে নিতে পারবে। কিন্তু তার আগে এমো চিনে নেওয়া যাক সপ্তর্ষির সাত 'শিরি'কে।

সাতটি উভয় তারা নিয়ে তৈরী সপ্তর্ষিকে দেখতে ঠিক যেন একটা গুরুত্বহীন (?) মত। অবশ্য এই আকৃতিটা দেখতে পাওয়া যায়

কেবলমাত্র তারামণ্ডলটি যখন উদয় হয় সে সময়। অন্ত যাবার সময় আকৃতিটা উচ্চে (৫) দেখায়।

শীতের পর সপ্তর্ষিকে উত্তরপূর্ব আকাশে দেখতে পাওয়া যাব মাটের প্রথম দশাহ থেকে। তবে তারামণ্ডলটিকে দেখার সবচেয়ে ভালো সময় হলো গ্রীষ্মকাল। এগুলি, যে ৩ জুন মাসে রাত ৪টা থেকে 10 টার মধ্যে তারামণ্ডলটিকে দেখতে পাওয়া যাব ঠিক মাঝার ওপরে, মধ্যগমনের সময়। এই সময় আকাশ পরিকার থাকলে পুরো ভালুকের প্রায় সবকটি তারাই স্পষ্ট দেখতে পাওয়া যায়।



ছবি—7 সপ্তর্ষির ভালুক

এখানে একটা কথা তোমাদের বলে রাখি। আগে বলেছি যে, রাতের আকাশে তারামণ্ডলগুলি অতিসিন 1 ডিগ্রী করে পশ্চিমে সরে যায়। ফলে পশ্চিম আকাশে একে একে তারামণ্ডলগুলির অস্তর্ধান এবং পূর্ব আকাশে একে একে তারামণ্ডলের আবির্ভাব হয়। এর ফলে আরও একটা ব্যাপার হয়। যে সব তারামণ্ডল গ্রীষ্মকালে

সঙ্কের পর রাতের আকাশে দেখতে পাওয়া যায় তাদের ঠিক একই জায়গায় শীতকালে ভোর আকাশে দেখা যায়। আবার যে তারামণ্ডলটিকে শীতকালে রাতে দেখা যায় তাদের দেখতে পাওয়া যায় গ্রীষ্মকালে ভোরে। যেমন ধরো, মীন রাশিকে দেখা যায় জাহুয়ারী সাথে সঙ্কের পর। কিন্তু আগস্ট বা সেপ্টেম্বর মাসে ভোরের আকাশেও তারামণ্ডলটিকে তোমরা দেখতে পাবো। এইভাবে একই তারামণ্ডলকে বছরের বিভিন্ন সময়ে আকাশে একই জায়গার কোন কোন সময়ে দেখা যাবে তার একটা তালিকা নিচে দেওয়া হলো। তালিকা থেকে দেখতে পাবে যে, পয়লা ফেব্রুয়ারি থেকে তারামণ্ডলটি রাত 7টায় দেখতে পাওয়া যাবে তাদের আবার দেখা যাবে পয়লা অক্টোবর ভোর 3টোয়। একই হিসেবে তোমরা যে কোনও তারামণ্ডলকে কোন কোন মাসে কোন কোন সময় দেখা যাবে তা বের করে নিতে পারো।

এবারে ফিরে আসা যাক সপ্তর্ণিমণ্ডলের কথায়। সপ্তর্ণির সাতটি তারারই নিজের নাম আছে। হিন্দু জ্যোতিষে সপ্তর্ণিমণ্ডলের সাতটি উজ্জল তারার নাম রাখা হয়েছে সাতজন আর্য ঋষির নামে, যথাক্রমে ক্রতৃ, পুলহ, পুলস্ত্য, অতি, অঙ্গিরা, বশিষ্ঠ ও মধুটি। তারামণ্ডলের বিদেশী নাম যথাক্রমে Duhbe, Merak, Pnad, Megrez, Alioth, Mizar এবং Alkaid। এদের মধ্যে অঙ্গিরা হলো সবচেয়ে উজ্জ্বল (প্রভা 1'29)। যদি আকাশ পরিকার থাকে তবে বশিষ্ঠের পাশে একটা ছোট তারা তোমাদের চোখে পড়বে, তার নাম অক্রুক্ত। বিদেশী নাম Alcor। তারাটি এত ছোট (প্রভা 4.0) যে দৃষ্টিশক্তি খুব তীক্ষ্ণ না হলে চোখেই পড়ে না। শোনা যায় প্রাচীনকালে আরব দেশে সৈয়দের দৃষ্টিশক্তি পরীক্ষার অংশে এর ব্যবহার হত।

সপ্তর্ণিমণ্ডলের ছৃষ্ট তারা ক্রতৃ ও পুলহ খুবই গুরুপূর্ণ। এছাটকে ‘নির্দেশক’ হিসেবে ব্যবহার করে এবিতারাকে সহজেই খুঁজে বের করা যেতে পারে; যেমন ছবিতে দেখানো হয়েছে। এবিতারা

নিজে খুব একটা উজ্জল তারা নয়, সেজগ্নে সপ্তর্ণি ছাড়া তাকে খুঁজে বের করাটা একটু কঠিন হতে পারে।

সপ্তর্ণিমণ্ডল মধ্যগমন করে পয়লা মে রাত 9টায় এবং পয়লা জানুয়ারী তোর 5টায়।


এবিতারাকে বলি একটু লক্ষ্য করে দেখ, তবে দেখবে যে, তাকে নিয়েও ছোট একটা তারামণ্ডল আছে যাকে দেখতে প্রায় সপ্তর্ণির মতো, কিন্তু অনেক ছোট। তারামণ্ডলের নাম লঘু সপ্তর্ণি বা শিশুমার। এর বিদেশী নাম Ursa Minor। তবে সপ্তর্ণির মতো শিশুমারের সাতটি তারা মোটেই উজ্জল নয়। সেজগ্নে আকাশ খুব পরিষ্কার না থাকলে তারামণ্ডলটিকে দেখতে পাওয়া খুবই কঠিন।

এবিতারার পাশে, সপ্তর্ণির ঠিক উপর্যোগিতাকে দেখা যায় একটি স্মৃদ্র তারামণ্ডল, নাম ক্যাসিওপিয়া (Cassiopeia)। তারতের উপর তাগ থেকে সপ্তর্ণি ও ক্যাসিওপিয়া বছরে কেবল দু’বার, মুার্চ ও সেপ্টেম্বর মাসে, একই সময় উভয় আকাশে দেখা যায়। অন্য সময় এদের একটিকেই দেখতে পাওয়া যায়, অপরটি থাকে দিগন্তের নিচে।

সপ্তর্ণির তুলনায় ক্যাসিওপিয়া আকারে অনেক ছোট। কিন্তু এর সব কঠ তারা খুব উজ্জল, সেজগ্নে চিনে নিতে অস্বীকৃত হয় না। পাচটি উজ্জল তারা নিয়ে গঠিত ক্যাসিওপিয়ার আকৃতি অনেকটা ইংরেজী অক্ষর ‘M’ এর মতো, যা তোমরা সহজেই চিনে নিতে পারবে। অবশ্য বলা হয় তারামণ্ডলটিতে কৌচে বসা এক মহিলার আকৃতি দেখা যায়, তবে সেটা খুঁজে বের করা মুশ্কিল।

ক্যাসিওপিয়া মধ্যগমন করে পয়লা নভেম্বর রাত 10টায় এবং পয়লা আগস্ট ভোর 4টায়।

সপ্তর্ণি এবং ক্যাসিওপিয়া ছাড়াও এবিতারার কাছাকাছি আরও ছাট তারামণ্ডল আছে। কিন্তু সেগুলি এত কীৰ্তি যে আকাশ খুব পরিষ্কার না থাকলে তাদের দেখতে পাওয়া প্রায় অসম্ভব। বলি তাদের না খুঁজে পাও তবে হতাশ হবার কিছু নেই। এখনকার মতো



চিত্র-৪

উত্তর আকাশে সপ্তর্ষি ও ক্যাসিওপিয়াকে যদি তোমরা ভালো করে চিনে নিতে পারো তবে তাদের কেশ করে বেশ করেকর্তি তারামণ্ডল খুজে নিতে পারবে যেমন উপরের ছবিতে দেখানো হয়েছে।

গ্রীষ্মের আকাশ

এর আগে তোমাদের উত্তর আকাশের করেকর্তি তারামণ্ডলের বিষয় বলেছি। এবাবে আকাশের বাকি তারামণ্ডলগুলি কেমন করে চিনবে সে কথা বলবো। তোমরা নিচ্যই জানো যে, বিভিন্ন মাসে রাতের আকাশে বিভিন্ন তারামণ্ডলকে দেখতে পাওয়া যায়। আমরা তারামণ্ডলগুলিকে ৬ ভাগ করে-সেগুলিকে আলাদা আলাদা চিনে নিতে চেষ্টা করবো। এভাবে তাদের চিনে নিতে অনেক সুবিধে হবে।

প্রথমেই এসো দেখা যাক গ্রীষ্মকালে (এপ্রিল-মে মাস) রাতের আকাশে কোন্ কোন্ তারামণ্ডলকে দেখতে পাওয়া যায়।


গ্রীষ্মের আকাশে যে ছাঁটি তারামণ্ডল সহজেই চোখে পড়ে তাদের নাম সপ্তর্ষিমণ্ডল এবং সিংহরাশি। সপ্তর্ষি মণ্ডলের বিষয় আগেই বলেছি। একে চিনে নেবার সবচেয়ে ভাল সময় হলো এপ্রিল-মে মাস বর্ষন একে দেখতে পাবে উত্তর আকাশে দিগন্তের অনেক ওপরে। আকাশ যদি পরিষ্কার থাকে তাহলে সপ্তর্ষির সব কটি তারাই হয়ত চিনে নিতে পারবে। তারামণ্ডলে ‘ভাস্তুক’-এর আকৃতিও এসময় সহজে চেনা যায়। সপ্তর্ষিমণ্ডল মধ্যগমন করে ১লা মে রাত 10টায় এবং ১লা জানুয়ারি ভোর ৫টা নাগাদ।

সপ্তর্ষিমণ্ডলের ঠিক দক্ষিণেই রয়েছে সিংহরাশি। সপ্তর্ষিমণ্ডলের ‘নির্দেশক’ তারা ছাঁটি (পুলহ এবং জুতু)-কে ঝুঁতারার বিপরীত দিকে বাড়িয়ে দিলেই রাশিটিকে দেখতে পাবে। তারামণ্ডলটিতে একটি সিংহের আকৃতির করানা করা হয়েছে যেটা সহজেই জেনা যায়। অবে একে চিনে নেবার আরও সহজ উপায় আছে। সিংহ রাশির উজ্জ্বল তারাগুলিকে ছাঁটি অংশে ভাগ করা যেতে পারে। পশ্চিম অংশের ছ’টি তারা নিয়ে একটি ‘কাস্টে’র আকৃতি দেখতে

Banglainternational.com

পাবে যার হাতলে রয়েছে একটি উজ্জ্ল তারা, মধ্যা (প্রভা 1'36)। এদিকটা হলো সিংহের মাথা। তারামণ্ডলের পূর্ব অংশে তিনটি উজ্জ্ল তারা নিয়ে সমকোণি ত্রিভুজটাও সহজেই চোখে পড়ে। এদিকটায় রয়েছে সিংহের লেজের অংশ।

তারামণ্ডলের সবচেয়ে উজ্জ্ল তারা মধ্যা রয়েছে সিংহের সামনের পায়ের দিকে। এটি একটি চান্দ নক্ষত্র। তারামণ্ডলের ধ্বিতীয় উজ্জ্ল তারা উস্তুরিকাঞ্চনী (প্রভা 1'6)। এর বিদেশী নাম দেনেবোলা (Denebola)। এটিও চান্দ নক্ষত্রের একটি। একে দেখতে পাবে সিংহের লেজে। সিংহ রাশিতে যে তৃতীয় চান্দ নক্ষত্রটি রয়েছে তার নাম গৃহকাঞ্চনী (প্রভা 2'6)। এর বিদেশী নাম জোসমা (Zosma) গ্রিসিকালে সিংহরাশিকে দেখা যায় ঠিক মাধ্যার উপরে



ছবি ৯ সিংহ রাশি

তবে তারামণ্ডলে সিংহের আকৃতিকে চিনতে হলে দক্ষিণ মুখে রয়ে দাঢ়িয়ে দেখতে হবে। সিংহরাশি মধ্যগম্বন করে ১লা এপ্রিল রাত ১০টায় এবং ১লা জানুয়ারি তোর ৫টোর সময়।

সিংহরাশির পূর্ব দিকে যে বড় তারামণ্ডলটিকে দেখতে পাবে তার নাম বুওটিস (Bootes)। প্রাচীন কিংবদন্তী অঙ্গুসারে তারামণ্ডলটিতে এক পক্ষাগ্রকের আকৃতির কলনা করা ইয়েছে। তবে চোখে দেখে সে রকম কিছু বোঝা যায় না। তারামণ্ডলের ছ'টি তারা নিয়ে এক বিশাল লম্বাকার ঘূড়ির আকৃতি চোখে পড়ে যাব মধ্যে সবচেয়ে উজ্জ্ল তারাটি রয়েছে ঘূড়ির লেজে। লালচে রং-এর

তারাটির নাম থাতী, প্রভা—০'০৬। এর বিদেশী নাম আর্কটারাস (Arcturus)। তারা হিসেবে থাতী খুবই বিশাল। এর ব্যাস সূর্যের বাসের প্রায় 30 গুণ। পৃথিবী থেকে এটি রয়েছে প্রায় 40 আলোকবর্ষ দূরে। থাতীও চান্দ নক্ষত্রগুলির একটি। বৃষ্টিসূর্যগম্বন করে ১লা জুন রাত 10টায় এবং ১লা মার্চ তোর ৫টোর নাগাদ।

রাশিচক্রে সিংহের পরে রয়েছে কন্যারাশি। একে দেখতে পাবে সিংহরাশির দক্ষিণগুরু। তারামণ্ডলটিতে মাত্র একটাই উজ্জ্ল তারা রয়েছে যার নাম চিত্রা (প্রভা 1'2)। এর বিদেশী নাম স্পাইকা (Spica)।



ছবি—10 কন্যা রাশি

আকাশে চিত্রাকে খুঁজে বের করবার একটা সহজ উপায় আছে। অথবেই সপ্তর্ষিমণ্ডলের দিকে দেখ। এর কিন্তি তারা—অঙ্গীরা, বশিষ্ঠ ও মরীচিকে যদি একটা রেখা দিয়ে জুড়ে দাও তবে একটা বৃক্ষচাপের মত রেখা পাবে। ঐ রেখাকে যদি দক্ষিণ-পূর্ব দ্বরাবর বাড়িয়ে দাও তাহলে কিছু দূরে থাতী নক্ষত্রে পৌছবে। এবার ঐ রেখাকে আরও ধানিকটাদক্ষিণ দ্বরাবর বাড়িয়ে দাও তাহলেই চিত্র তারাটিকে খুঁজে পাবে (ছবি-৪)। পৃথিবী থেকে চিত্রার দূরত্ব 220 আলোকবর্ষ। এটিও একটি চালু নক্ষত্র।

চিত্র ছাড়া কস্তারাশিতে আরও ছ'টি তারা শুধু চোখে দেখা যায়। এদের মধ্যে পাঁচটি তারা এবং চিত্রাকে নিয়ে ইংরেজি—'Y' অক্ষরের আকৃতি সহজেই চোখে পড়ে। কস্তারাশি মধ্যগমন করে ১লা মে রাত 10টায় এবং ১লা জানুয়ারি ভোর ৬টায়।

এখানে একটা কথা বলে রাখি। একটু লক্ষ্য করলেই দেখতে পাবে যে চিত্রা, থাতী এবং উত্তরকাঞ্চনী এক বিশাল সমবাহ ত্রিভুজের তিম কোণে রয়েছে। ঐ বিশাল ত্রিভুজকে “গ্রীষ্মের ত্রিভুজ” বা Summer Triangle বলা হয়।

কস্তারাশির ঠিক দক্ষিণে রয়েছে চারটি তারার একটি ছোট চতুর্ভুজ। তারামণ্ডলের নাম কাকমণ্ডল বা কর্ভাস (Corvus)। এর সবচেয়ে উজ্জ্বল তারাটি ভূতীয় প্রভার। কিন্তু সেজন্য তারামণ্ডলটিকে চিনে নিতে কোনও অসুবিধে হয় না। কাকমণ্ডলকে কেউ কেউ হস্তা বলেই অভিহিত করেন। কিন্তু আসলে তারামণ্ডলের ৩ তারাটিই হস্তা চালু নক্ষত্র ইঞ্জা। কাকমণ্ডল মধ্যগমন করে ১লা মে-রাত 10টা নাগাদ এবং ১লা জানুয়ারি ভোর ৬টা নাগাদ।

কাকমণ্ডলের দক্ষিণে হুমসৰ্প তারামণ্ডলের ব্যক্তি অংশটুকু দেখতে পাবে। তারামণ্ডলের বিষয় আগেই বলেছি। এর পূর্ব প্রান্তটি রয়েছে কাকমণ্ডলের দক্ষিণ পূর্বে।

কাকমণ্ডলের পুরু দক্ষিণে রয়েছে শূলর একটি তারামণ্ডল যার নাম দক্ষিণ ক্রস বা Southern Cross। তারামণ্ডলটিতে অথব

প্রভার একটি এবং দ্বিতীয় প্রভার দুটি তারা রয়েছে বাদের নিয়ে ক্রসের আকৃতির ছোট তারামণ্ডলটিকে সহজেই চেনা যায়। অবশ্য দক্ষিণ খ-মেরুর খুব কাছে রয়েছে বলে কলকাতা বা উত্তর ভারতের কোনও স্থান থেকে একে দেখতে পাওয়া যায় না। কেবল মাত্র দক্ষিণ ভারত থেকেই একে বেশ স্পষ্ট দেখতে পাওয়া যায়। দক্ষিণ ক্রস মধ্যগমন করে ১লা মে রাত 10টায় এবং ১লা জানুয়ারি ভোর ৬টা নাগাদ।

দক্ষিণ আকাশের আর একটি উজ্জ্বল তারামণ্ডল সেন্টুরাস (Centaurus)-কে দেখতে পাবে দক্ষিণ ক্রসের ঠিক পূর্বে। এ তারামণ্ডলটিও বেশ কয়েকটি উজ্জ্বল তারা রয়েছে। তাদের মধ্যে দুটি প্রথম প্রভার তারা। এ তারামণ্ডলটিকেও কেবলমাত্র দক্ষিণ ভারত থেকেই দেখতে পাওয়া যায়।


সেন্টুরাসের সর্বোজ্জ্বল তারাটির নাম আলফা সেন্টুরাই (Alpha Centauri), প্রভা—0'27। সূর্যকে বাদ দিলে এটি পৃথিবীর সবচেয়ে কাছের তারা, দূরত্ব মাত্র 4'2 আলোকবর্ষ। তারামণ্ডলের দ্বিতীয় উজ্জ্বল তারাটির নাম হাদার (Hadar), প্রভা 0'63। পৃথিবী থেকে এর দূরত্ব 490 আলোকবর্ষ।

যদি আকাশ পরিকার থাকে তাহলে সিংহ রাশি ও বুগটিস তারামণ্ডলের মাঝখানে একটা খুবই ছোট তারামণ্ডলকে হ্যাত দেখতে পাবে। নাম কোমা বারেনিসিস (Coma Berenices)। তারামণ্ডলটিকে শুধু চোখে কেবলমাত্র হাফা আলোর ছোপের মতই দেখায়। কারণ এতে চতুর্থ প্রভার চেয়ে উজ্জ্বল তারা নেই। কিন্তু বাইনোকুলারে এক ঝাঁক তারা দেখতে পাওয়া যায়। বড় দূরবিনে বেশ কয়েকটি গ্যালাক্সি চোখে পড়ে। দৃষ্টি শক্তি অথব না হলে অবশ্য তারামণ্ডলটিকে শুধু চোখে খুঁজে বের করা সোজা নয়।

বর্ষার আকাশ

গ্রীষ্মের পরের ঋতু বর্ষা। আমাদের দেশে জুলাই আগস্ট এই হই মাসই বর্ষার মাস বলে ধরা হয়। বুঝতেই গারছ এসময় বেশীর ভাগ সময়ই আকাশ মেঘাচ্ছন্ন থাকে। রাতের আকাশে তারা দেখা প্রায় অসম্ভব যাপার। কিন্তু যদি এক পশ্চাৎ বৃক্ষের পর মেঘ কেতে যায় তবে আকাশ অস্ফুত স্বচ্ছ দেখায়। সে সময় বেশ কয়েকটি সুন্দর তারামণ্ডল দেখতে পাবে।

বর্ষার আকাশে যে তারামণ্ডলটি সহজেই দৃষ্টি আকর্ষণ করে সেটা হলো বৃক্ষিকরাশি বা শর্পিয়াস (Scorpius)। এটি রাশিচক্রের তারামণ্ডলগুলির একটি। একে দেখতে পাবে দক্ষিণ আকাশে



ছবি—১। বৃক্ষিক রাশি

বিশাল এক বিছের ঘত। নামের সঙ্গে তারামণ্ডলের আকৃতির এত সদৃশ্য অন্য কোনও তারামণ্ডলে দেখা যায় না।

বৃক্ষিক রাশিতে একটি প্রথম প্রভাব তারা রয়েছে, নাম জ্যোষ্ঠা। উজ্জ্বল লালচে হলদে রং-এর এ তারাটির বিদেশী নাম আন্টারেস (Antares), প্রভা ০'৯৮। জ্যোষ্ঠাকে আকাশে খুঁজে বের করা মোটেই কঠিন নয়। যদি সহজে খুঁজে না পাও তবে হারকিউলিস তারামণ্ডলকে মাথার উপরে রেখে (জুনের তৃতীয় সপ্তাহে রাত ০টা নাগাদ) দক্ষিণ দিগন্তের ধানিকটা উপরে দেখ তাহলেই একে খুঁজে পাবে। আবার মধ্যা এবং চিজাকে যোগ করে সেই সরল রেখাটিকে যদি দক্ষিণ পূর্ব বরাবর বাড়িয়ে স্বাক্ষর তাহলেও জ্যোষ্ঠাকে খুঁজে পাবে।

আবর্তনে জ্যোষ্ঠা বিশাল। এর ব্যাস 56 কোটি 30 লক্ষ কিলোমিটার। আমাদের সূর্যের বাসের প্রায় 40 গুণ। পৃথিবী থেকে জ্যোষ্ঠার দূরত্ব 520 আলোকবর্ষ। জ্যোষ্ঠাও চান্দ নক্ত্রগুলির একটি। এটি মধ্যগমন করে। লা জুলাই রাত 10টা নাগাদ এবং ইলা এপ্রিল ত্রোয়ার ৪টা নাগাদ।

একবার যদি জ্যোষ্ঠাকে ভাল করে চিনে নাও তাহলে তারামণ্ডলের বাকি তারাগুলিকেও সহজেই চিনে নিতে পারবে। জুলাই মাসে আকাশ যদি মেঘশূন্য থাকে তাহলে প্রায় সারা রাত ধরে দক্ষিণ আকাশে বৃক্ষিক রাশিকে দেখতে পাবে।



ছবি—২। তুলা রাশি

কস্তা ও বৃক্ষিক রাশির ঠিক মাঝখানে রয়েছে তুলারাশি, যার বিদেশী নাম লাইব্রা (Libra)। তারামণ্ডলটি খুবই ছোট এবং এতে তৃতীয় প্রভাব চেয়ে উজ্জ্বল কোনও তারা নেই। সহজে যদি

কুঁজে না পাও তবে বৃক্ষিকের 'দাঢ়া'র উপর পশ্চিমে একটু লক্ষ করে দেখ, চারটি তারার চতুর্ভুজটি হয়ত চোখে পড়বে। তারামণ্ডলটিকে একটি দাঢ়ি পান্নার আঙুতির কলমনা করা হয়েছে। তুলা'র ৪-তারাটি একটি চালু নক্ষত্র, নাম বিশাখা। তুলারাশি মধ্যগমন করে ১লা জুন রাত ১০টায় এবং ১লা মার্চ ভোর ৫টে মাগাদ।

জুলাই-আগস্ট মাসে বৃহটিস তারামণ্ডলকে দেখা যায় প্রায় মাধ্যাবর্ণ ওপরেই। এ সময় তারামণ্ডলটির ঠিক পূর্বদিকে দেখতে পাবে সাতটি তারা নিয়ে অর্কন্তুতাকার ছোট একটি তারামণ্ডলকে, নাম কিরীটমণ্ডল বা করোনা বোরিয়েলিস্ (Corona Borealis)। তারামণ্ডলটি ছোট কিন্তু খুবই স্মৃদ্ধ দেখতে। এর সর্বোজ্জল তারাটি দ্বিতীয় প্রভাব। কিরীট মণ্ডল মধ্যগমন করে ১লা জুলাই রাত ৭টায় এবং ১লা এপ্রিল ভোর ৩টে মাগাদ।

সর্পমণ্ডল তারামণ্ডলটি রয়েছে ছুটি ভাগে। এর অর্দেকটাকে দেখা যায় শুকিউকাস তারামণ্ডলের পূর্ব দিকে। সেটা হলো সাপের লেজের দিকটা। বাকি অর্দেকটাকে দেখতে পাবে কিরীটমণ্ডলের দক্ষিণে, শুফিউকাস মণ্ডলের পশ্চিমে। তারামণ্ডলের এই অংশে তিনিটে ছোট তারার যে ত্রিভুজটি দেখা যায় সেটাই হলো সর্পমণ্ডলের সাপের মাথা। তারামণ্ডলের সর্বোজ্জল তারাটিকেও দেখতে পাবে এই অংশে। এটি তৃতীয় প্রভাব তারা।

শরৎকালের তারামণ্ডল


শরতের আকাশে তারা চেনার একটা মন্ত সুবিধে এই যে, বর্ষার পর বায়ুমণ্ডলের যত ধূলো-বেঁয়া সব ধূয়ে সূচে পরিষ্কার হয়ে যায়। ফলে আকাশ একেবারে কাঁচের মতো ষষ্ঠ দেখায় আর তাতে তারামণ্ডলকেও আরো জলজ্ঞলে দেখায়।

শরতের আকাশে প্রথমেই কোমাদের চোখে পড়বে তিনিটি খুবই উজ্জল তারা। তাদের দেখা যাবে প্রায় মাধ্যাবর্ণ ওপরেই। এমন হবে যেন তারা তিনিটি এক বিশাল ত্রিভুজের তিনিটি কোণে রয়েছে। এখানে একটা কথা মনে রেখ। শরৎকালে সপ্তর্ষি বা ক্যাসিওপিয়া কোনটিই উপর আকাশে ভালভাবে দেখা যায় না। এসম্বল সপ্তর্ষিকে অস্ত থেকে আর ক্যাসিওপিয়াকে উদয় হতে দেখা যায়। যাইহোক খ্রবতারাকে এতদিনে তোমরা নিশ্চয়ই ভালোভাবে চিনে নিয়েছ। স্কুলোং উপর দিক কোনটা সেটা খুঁজে নিতে নিশ্চয়ই অসুবিধে হবে না। এবাবে উত্তরমুখো হয়ে দাঢ়িয়ে মাধ্যাবর্ণ ওপরে দেখলেই চোখে পড়বে উজ্জল তারা দিয়ে তৈরী ত্রিভুজটি।

তিনিটির মধ্যে সবচেয়ে উজ্জল তারাটি হলো অভিজিৎ (Vega)। এর প্রভা 0.04। এটি রয়েছে বীণামণ্ডল বা Lyra তারামণ্ডলে। বীণামণ্ডলটি দেখতে খুবই ছোট, কিন্তু চেনা সহজ। তারামণ্ডলটিকে দেখে মনে হবে যেন একটা ত্রিভুজের সঙ্গে একটা চতুর্ভুজকে জুড়ে দেওয়া হয়েছে। একটু লক্ষ করে দেখলেই তোমরা এটিকে চিনে নিতে পারবে। বীণামণ্ডল মধ্যগমন করে ১লা আগস্ট রাত ১০টায় এবং ১লা মে ভোর ৫টের সময়।

অভিজিৎের পূর্বদিকে যে উজ্জল তারাটিকে দেখবে শেষ দেনেব (Deneb), প্রভা 1.26। এটি রয়েছে ইংসমণ্ডল বা Cygnus

Banglainter.net.com



ছবি—13 হসমঙ্গল

তারামঙ্গলে। হসমঙ্গল হলো আকাশের সূন্দর তারামঙ্গলগুলির একটি। এতে আছে 6টি তারা, যাদের মধ্যে মনে হব সত্যিই হেন একটা উজ্জ্বল হাঁসের মূর্তি। অবশ্য তারামঙ্গলটির আকার অনেকটা একটা 'ক্রস'-এর মতো বলে এটিকে অনেকে 'উভয়ের ক্রস' বা Northern Crossও বলেন। আকাশ যদি পরিষ্কার থাকে তা হলে হসমঙ্গলে ছায়াপথের কিছুটা অংশও তোমাদের চোখে পড়বে হসমঙ্গলের মধ্য গমনের সহায় হলো। ১লা সেপ্টেম্বরের রাত ১০টায় এবং ১লা জুলাই তোর ৫টে।

অভিজ্ঞের তৃতীয় উজ্জ্বল তারাটিকে দেখা যায় অভিজ্ঞ ও দেনেবের দক্ষিণে। এটির নাম অবগা (Alcair), প্রভা, ০°৪০। এটি রংগের শ্রেণী অবগা (Aquil) তারামঙ্গলে। অবগাকে চিনে নেওয়া শুধুই সোজা, কারণ এর হ'পাশে ছাঁচি হোট তারা আছে। তারামঙ্গল-তিতে একটা উজ্জ্বল বাজপাখীর আকৃতি করনা করা হয়েছে। এখানে একটা কথা বলে রাখি। অবগা হলো রাশিচক্রের 27টি নকশের একটি, যদিও এটি রাশিচক্রে নেই। এই অবগা নকশের নামাহসারেই আবশ্য মাসের নাম রাখা হয়েছে।

শেনমঙ্গল মধ্যগমন করে ১লা আগস্ট রাত ১১টায় এবং ১৫ই মে তোর ৫টের সময়।

এবারে অভিজ্ঞের ঠিক দক্ষিণ বরাবর যদি দৃষ্টি চালিবে যাও তবে দক্ষিণ দিগন্তের কিছুটা শুপরোই একটি উজ্জ্বল তারামঙ্গলকে দেখতে পাবে। ওটাই হলো ধূরাশি। রাশিচক্রের এই তারামঙ্গল-তিতে বেশ কয়েকটি উজ্জ্বল তারা আছে বলে সহজেই এটিকে চিনে নেওয়া যায়। বলা হব যে তারামঙ্গলতিতে তৌরেশ্বরুক হাতে আরা-



ছবি—14 ধূরাশিতে তৌর ধূক হাতে আধা-মাহু আধা-বোঢ়ার আকৃতি মাঝে আধা-বোঢ়ার আকৃতি দেখতে পাওয়া যায়। কিন্তু শুধু চোখে তোমাদের প্রথমেই চোখে পড়বে 'চাঁয়ের পট'-এর মতো একটা আকৃতি যেটা তোমরা সহজেই চিনে নিতে পারবে। চাঁয়ের পট-এর হাতলটা থাকবে বী দিকে আর দুখটা ডান-দিকে।

ধূরাশিতে ছাঁচি চাঁচি নকশাও আছে। তাদের নাম পূর্ব আবাঢ়া ও উত্তর আবাঢ়া। পূর্ব আবাঢ়া নকশাটির প্রভা ১°৭। উত্তর আবাঢ়া নকশাটির প্রভা ২°১। এ ছাঁচি নকশারে নামেই আবাঢ় মাসের নাম রাখা হয়েছে।

ধূরাশির পশ্চিম আন্তরের কাছেই ছায়াপথের সবচেয়ে উজ্জ্বল অংশটা রংগের। সেজন্যে তারামঙ্গলতিতে বেশ কয়েকটি সূন্দর তারা-পুঁজ দেখতে পাওয়া যায়। আকাশ পরিষ্কার থাকলে, থালি চোখেই

তাদের হ'একটাকে হয়তো তোমরাবেছতে পাবে। ধন্বরাশি মধ্যগমন করে ১লা আপন্ট রাত 10টার এবং ১লা মে তোর ৫টের সময়।

ধন্বরাশির পূর্ব দিকে, একটু উপরে অয়েছে রাশিচক্রের আর একটি রাশি, নাম মকর রাশি। এটিকে চাই করে খুঁজে বের করতে তোমরা হয়তো নাও পারো, কারণ এতে কোনও উজ্জ্বল তারা নেই। কিন্তু এটিকে খুঁজে বের করার একটা সহজ উপায় আছে। ধরো, অভিজ্ঞ আর অবশ্যকে একটা রেখা দিয়ে মুক্ত করলে। এখন এই রেখাটিকে যদি ঠিক অঙ্গটাই দক্ষিণ দিকে বাড়িয়ে দাও তা হলেই খুঁজে পাবে মকর রাশিকে। আকাশ বাই পরিকার থাকে, তা হলে হয়তো তারামণ্ডলটির সব কটি তারাই তোমাদের চোখে পড়বে। মনে হবে ঠিক যেন একটা ভেটা করে রাখা বাঁশের টোকা। অনেকের কাছে আবার আকৃতিটাকে একটা নৌকো বলেও মনে হতে পাবে। বাই হোক, যদি তোমরা তারামণ্ডলটিতে মকর নামক বৃহৎ সামুদ্রিক জল-টিকে খুঁজে না গাও তবে হতাশ হওয়ার কিছুই নেই।

মকর রাশির পশ্চিম পাস্তের উত্তর দিকে যে তারাটিকে দেখা যাব সেটি আসলে একটি দুগল তারা বা double star। শুধু চোখেই তোমরা হাতিকে হয়তো আলাদাভাবে বেছতে পাবে, তবে তার জন্মে একটু চেষ্টা করতে হবে। রাশিচক্রে পাকা সর্বে মকর রাশিতে কোনও উজ্জ্বল তারা নেই বলে এর কোনও তারাকেই নক্ষত্র বলে গণ্য করা হয় না। মকর রাশি মধ্যগমন করে ১লা সেপ্টেম্বর রাত 10 টার এবং ১লা জুন তোর ৫টের সময়।

ধনু ও মকরের পর আবার উত্তর আকাশে ফিরে আসা বাহু। এখানে বীণামণ্ডলের ঠিক পশ্চিমে বেছতে পাবে হারকিউলিস্ (Hercules) তারামণ্ডলটিকে। বলা হয় গুরু তারামণ্ডলটিতে প্রায় 140টি তারা আছে বেগুনি শুধু চোখে দেখতে পাওয়া যায়। আসলে কিন্তু তাদের বেশির ভাগই খুবই ছোট, তাদের অভা 3 এর বেশি। মাঝে তিনটি তারা আছে বাদের অভা 3-এর চেয়ে কম।

বাই হোক, আকাশে হারকিউলিস্কে চিনে সিংডে খুব একটা

অসুবিধে হয় না। তারামণ্ডলটিকে চেনবার সব চেয়ে সহজ উপায় হলো এতে ইংরেজি অক্ষর H-এর আকৃতিটাকে খুঁজে বের করা। তারপর বাতি তারামণ্ডলটির আকার সহজেই চিনে নেওয়া যায়।

সব মিলে হারকিউলিস্ তারামণ্ডলটিকে দেখতে ঠিক যেন ইঁটু গেড়ে বসা এক হাতকাটা একটি মাঝুমের আকৃতির মতো। মধ্যগমনের সময় তারামণ্ডলটিকে দেখা যায় ঠিক মাধ্যাবর্ত ওপরে। যদি সে সময় উত্তরযুক্তি হয়ে তারামণ্ডলটিকে দেখ, তবে সহজেই দেই এক প্রাতঃওয়ালা মাঝুমটিকে চিনে নিতে পারবে।

হারকিউলিস্ মধ্যগমন করে ১লা জুলাই রাত 10টার এবং ১লা এপ্রিল তোর ৫টের সময়। হারকিউলিসের ঠিক দক্ষিণে অয়েছে ওফিউকাস (Ophiuchus) তারামণ্ডল। ওফিউকাস মানে হলো ‘সর্পরারী’। তারামণ্ডলটিতে কঢ়না করা হয়েছে সাপে হাতে ধরা এক মাঝুমের আকৃতি। অবশ্য এখানে সাপটা দেখানো হয় একটা আলাদা তারামণ্ডলে বার নাম সর্পমণ্ডল বা Serpens তারামণ্ডল। ওফিউকাসে কেবলমাত্র মাঝুমটির আকৃতি কঢ়ন। করা হয়।

ওফিউকাসকে চেনার সবচেয়ে সহজ উপায় হলো হারকিউলিসের দক্ষিণে বিশাল পঞ্চভূজের আকারটিকে খুঁজে বের করা। তারামণ্ডলটি খুবই বিশাল বলে প্রথমে পঞ্চভূজের পাঁচটি তারাকে খুঁজতে হয়তো একটু অসুবিধা হবে। কিন্তু একটু চেষ্টা করলেই খুঁজে পেয়ে যাবে।


ওফিউকাস তারামণ্ডলটি রয়েছে ঠিক মধ্য আকাশে। ধ-বিষব-রেখা ঠিক এর মাঝখান দিয়ে চলে গেছে। তা ছাড়া ধ-বিষববৃত্তের ওপর এটি রয়েছে ছাঁটি বিষুবিন্দুর ঠিক মাঝখানে। ওফিউকাস মধ্যগমন করে ১লা জুলাই রাত 10টার এবং ১লা এপ্রিল তোর ৫টের সময়।

যদি তোমরা ওফিউকাসের সাপ, মানে সর্পমণ্ডলকে খুঁজে বের করতে চাও তা হলে ওফিউকাস ও ধন্বরাশির ঠিক মাঝখানে তার অর্ধেকটা অংশ দেখতে পারো। এটা হলো সাপের লেজের দিকটা। সাপের বাকি অর্ধেকটা, মানে মাধ্যাবর্ত কিটাকে দেখা যাব ওফিউকাসের পশ্চিমে।

হেমিস্টার আকাশ

হেমিস্টার উভর আকাশে যে তারামণ্ডলটিকে সহজেই জেনা যাব সেটি হলো ক্যাসিওপিয়া (Cassiopeia)। এর বিষয় আগেই বলেছি। অক্টোবর মাসের গোড়া থেকেই ক্যাসিওপিয়াকে দেখতে পাবে উভর পূর্ব আকাশে দিগন্তের বেশ ওপরে। নভেম্বরের ছিঁড়ীয় সপ্তাহে ক্যাসিওপিয়া মধ্যগমন করে যাত ৭টা নাগাদ। সে সময় উভর আকাশে একে দেখায় ইংরেজি 'M'-এর মত।

ক্যাসিওপিয়ার ঠিক সঙ্ক্ষিপ্তে একসঙ্গে ছুটি তারামণ্ডলকে দেখা যাব। একটি পেগাসাস (Pegasus), অর্থাৎ অ্যান্ড্রোমেডা (Andromeda)। পেগাসাস একটি বিশাল তারামণ্ডল। গ্রীক পৌরাণিক কাহিনীতে পেগাসাস হলো পক্ষিরাজ ঘোড়া, কিন্তু তারামণ্ডলটিতে দেরকম কোম আকৃতি চোখে পড়ে না।



চিত্ৰ—15 পেগাসাস ও অ্যান্ড্রোমেডা

পেগাসাসকে চেনবাবুর সবচেয়ে দুই উপায় হলো প্রথমেই এর বিশাল বর্গাকারক্ষেত্রিক খুঁজে নেওয়া। চারটি উজ্জল তারা নিয়ে

তৈরী বর্গক্ষেত্রটির ভেতরের অংশটা একেবারে কীকা। স্বতরাং চিনতে অসুবিধে হয় না। পেগাসাস মধ্যগমন করে। লা অক্টোবর রাত 11টায় এবং 1ং। জুলাই ভোর ৫টোর সময়। ঐ সময় তারামণ্ডলটিকে দেখতে পাবে আকাশে ঠিক মাধ্যাব ওপরে।


পেগাসাসে চাঞ্চ তিথি সংক্রান্ত ছুটি নকশ রয়েছে। প্রথমটি তারামণ্ডলের ৫° ও ৮° তারা ছুটি নিয়ে তৈরী নকশ পূর্বভারতিপদ। অন্যটি পেগাসাসের ১° ও পাশের অ্যান্ড্রোমেডার ক তারা নিয়ে তৈরী, নাম উভর ভারতিপদ।

পেগাসাসের বর্গক্ষেত্রের উভর পূর্ব কোণে যে উজ্জল তারাটি রয়েছে সেটিকে আধুনিক মতে অ্যান্ড্রোমেডা তারামণ্ডলের অন্তর্ভুক্ত বলে ধরা হয়। সেজন্ত এটিকে পেগাসাসের ১° তারার পরিবর্তে অ্যান্ড্রোমেডার তারা বলে ধরা হয়। ছবিতেও তাই দেখানো হয়েছে।

পেগাসাসের উভর-পূর্ব কোণ থেকে নিয়ে অ্যান্ড্রোমেডার চারটি উজ্জল তারা ছড়িয়ে রয়েছে একটা বৃত্তচাপের মত। পৌরাণিক কাহিনীতে অবশ্য তারামণ্ডলটিতে একটি মেয়ের আকৃতি করনা করা হয়েছে।

অ্যান্ড্রোমেডার সবচেয়ে আকর্ষণীয় বস্তু হলো বিশ্যাত 'এম-31' গ্যালাক্সি যার দূরত পৃথিবী থেকে 22 লক্ষ আলোক বর্ষেও বেশি। যদি মনে রাখো যে এক আলোক বর্ষ মানে প্রায় 10 লক্ষ কোটি (10-এর পর 12টা শৃঙ্খ) কিলোমিটার তাহলে এম 31-এর দূরতের একটা আলদাজ পাবে। সবচেয়ে আক্ষর্যের কথা হলো এই যে অতি দূরে থাকা সব্বেও একে তোমরা শুধু চোখে দেখতে পাবে। অবশ্য মনে রেখ এম-31 থেকে আজ যে আলো তোমাদের চোখে পৌছচ্ছে তার বাত্রা শুরু হয়েছিল আজ থেকে 22 লক্ষ বছর আগে। মানে আজ এম-31-এর যে রূপ আমাদের চোখে পড়ছে তা আসলে এর 22 লক্ষ বছর আগেকার রূপ। ঠিক এই সমুক্তে এম-31কে দেখতে কেমন তা আমরা জানতে পারবো আজ থেকে 22 লক্ষ বছর পরে।

আকাশ পরিকার ধাকলে খু চোখে এম-31কে দেখায় খুব অস্পষ্ট লম্বাটে আলোর ছোপের মত। অবশ্য একে খুজে বের করতে একটু চেষ্টা করতে হবে। আনন্দজোড়ার ৮-তারাটির একটু উপরেই একে দেখতে পাবে, যেমন ছবিতে দেখানো হয়েছে। এম-31-এর আসল রূপ ধরা পড়ে শক্তিশালী দূরবীনে বহুক্ষণ ধরে তোলা ছবিতে। দেখা যায় একটি আমাদের ছারাপথ গ্যালাক্সির মতই পৃথক একটি গ্যালাক্সি। আমাদের ছারাপথের মত এতেও রয়েছে কোটি কোটি তারার সমাবেশ। এম-31 মধ্যগমন করে ১লা নভেম্বর রাত 10টায় এবং ১লা আগস্ট ভোর ৫টের সময়।




ছবি—16 কুস্তরাশি

পেগাসাসের দক্ষিণ পশ্চিমে রয়েছে রাশিচক্রের কুস্ত বা Aquarius তারামণ্ডল। তারামণ্ডলটি বিস্তীর্ণ, কিন্তু এর ভারাগুলির কোনওটি খুব একটা উজ্জল নয়। সেজন্য একে চিনতে একটু অসুবিধে হতে পারে। কান্তিমুক্তের ওপর কুস্ত রাশি রয়েছে মকর রাশির উভয় পূর্বে। এটিকে চেনবার সহজ উপায় হলো পেগাসাসের ৮-তারাটির দক্ষিণ পশ্চিমে চারটি ছোট ত্যারাকে প্রথমে খুজে বের করা। তারাগুলি খুই ক্ষীণ, হ্রস্তো চাই করে চোখে না ও পড়তে

পারে। কিন্তু একটু চেষ্টা করলেই চিনে নিতে পারবে। দেখবে চারটি তারা খিলে ইংরেজী অক্ষর ‘L’ তৈরী হয়েছে। এটেই কুস্ত রাশির ‘কুস্ত’। তারামণ্ডলটিতে আর কোনও বিশেষ দেখবার জিনিয় নেই। তবে এর ৮-তারাটি হলো চার্স লক্ষণের একটি, নাম শতভিত্তি। কুস্ত রাশি মধ্যগমন করে ১লা অক্টোবর রাত 10 টায় এবং ১লা জুলাই ভোর ৫টের সময়।

কুস্তরাশির দক্ষিণে বে উজ্জল তারাটিকে দেখা যায় তার নাম ফোমালো (Fomalhaut)। যে তারামণ্ডলে তারাটি রয়েছে তার নাম পিসিসি অক্স্ট্রালিস (Piscis Australis) বা দক্ষিণের মৎস্য। তারামণ্ডলটি খুই ছোট, ফোমালো ছাড়া এতে আর কোনও উজ্জল তারা নেই। ফোমালো মধ্যগমন করে ১লা অক্টোবর রাত 10টায় এবং ১লা জুলাই ভোর ৫টের সময়।

রাশিচক্রের দ্বাদশ রাশি মৌন (Pisces) রয়েছে পেগাসাসের



ছবি—17 মৌনরাশি

বর্ণক্ষেত্রের দক্ষিণ পূর্ব কোণে, বিশাল এক ‘V’ এর আকারে। এ তারামণ্ডলটিতেও কোনও উজ্জল তারা নেই বলে একে সহজে খুজে

বের করা সম্ভব নয়। একটু চেষ্টা করলে পেগাসাসের ব্যক্তিগতের ঠিক দক্ষিণে পাঁচটি তারার পক্ষভূজ হয়ত চোখে পড়বে। প্রটেই হলো মীন রাশির ছাঁচি মৎস্যের একটি। সম্পূর্ণ তারামণ্ডলটিকে দেখতে অনেকটা ইংরেজী ‘V’ এর মত। অবশ্য এর তারাগুলি এতই ক্ষীণ যে হয়ত চাঁচ করে চোখে পড়বে না। তবুও, আকাশ পরিকার ধাকলে চেষ্টা করো, নিশ্চই খুঁজে পাবে। মীন রাশির ৩-তারাটি হলো চাঞ্চ নক্ষত্র রেখভূ। তারাটির বৈশিষ্ট্য এই যে এটি রয়েছে ক্রান্তিবৃন্দের ঠিক ওপরে।

মীন রাশির মধ্যগমনের সময় ১লা নভেম্বর রাত ১০টা এবং ১লা আগস্ট তোর ৫টে।

রাশি চক্রের প্রথম রাশি মেষ (Aries) কে দেখতে পাবে মীন রাশির ঠিক পূর্বে। তারামণ্ডলটিতে ছাঁচি উজ্জল তারা আছে বাদের সহজেই চিনে নিতে পারবে। তারামণ্ডলটিতে ছাঁচি চাঞ্চ নক্ষত্রও রয়েছে। ১-তারাটি অশ্বিনী এবং ৪১-সংখ্যক তারাটি ভরণী নক্ষত্র। মেষ রাশি মধ্যগমন করে ১লা ডিসেম্বর রাত ১০টা নাগাদ এবং ১লা সেপ্টেম্বর তোর ৫টের সময়।

অ্যানড্রোমেডা এবং মেষ রাশির ঠিক মাঝখানে একটি খুবই ছোট তারামণ্ডলকে দেখতে পাবে, নাম Triangulum বা ত্রিভুজ। ত্রিভুজের তারা তিনটি ক্ষীণ, কিন্তু আকাশ পরিকার ধাকলে এবং আকাশে ঢাঁচ না ধাকলে সহজেই এটিকে খুঁজে নেওয়া যাবে।

মীন রাশির দক্ষিণে যে বিশাল তারামণ্ডলটি দেখা যাবত্তার নাম Cetus বা তিমিমণ্ডল। বলা হয় যে তারামণ্ডলটিতে 100টি তারা আছে দেশগুলি ক্ষু চোখেই দেখা যায়। কিন্তু আসলে গোটা দশেকের বেশী তারা চোখে পড়ে না। তারামণ্ডলটিতে একটি তিমি মাছের আকৃতি করানা করা হয়েছে। এতে তৃতীয় প্রভাব ছাঁচি তারা আছে যাদের সহজেই চিনে নিতে পারবে। বাকি কয়েকটি তারাকেও এবাবে চিনে নিতে অস্থুবিবা হবে না।

তিমিমণ্ডলের সবচেয়ে আকর্ষণীয় তারাটি হলো লালচে, ইলদে

বং এর তারা ‘মাইরা’ (Mir)। তারাটির উজ্জল্য এক থাকে না, বাড়ে কমে। বখন সবচেয়ে উজ্জল মাইরার প্রভা হয়ে দাঢ়ার ১.৭। সে সময় শুধু চোখে তাকে দেখায় বেশ উজ্জল। কিন্তু কয়েক মাসের মধ্যেই মাইরার উজ্জল্য কমে হয়ে দাঢ়ার 10, তখন শুধু চোখে ত নয়ই, ছোট দূরবিনেও তাকে দেখা যায় না। দেখা গেছে বে তারাটির উজ্জল্যের কম বেশী হতে সময় লাগে আর 11 মাস (331 দিন), যার মধ্যে মাত্র 6 মাস তাকে শুধু চোখে দেখা যায়। স্থৱৰাঃ প্রথমেই যদি মাইরাকে খুঁজে না পাও হতাস হবার কিছু নেই। কয়েক মাস পরে হয়ত তাকে খুঁজে পেতে পারো। মাইরা মধ্যগমন করে নভেম্বরের শেষের দিকে রাত 10টা নাগাদ এবং সেপ্টেম্বরের অধিম সপ্তাহে তোর ৫টে নাগাদ।

যদি তোমরা পুরী বা তারও দক্ষিণে যাও তবে সেখান থেকে কোমালো তারাটির দক্ষিণে ছাঁচি উজ্জল তারা তোমাদের চোখে পড়বে দক্ষিণ দিগন্তের ঠিক ওপরেই। তারা ছাঁচি Grus বা বক্রমণ্ডলের অন্তর্ভুক্ত। এ ছাঁচি তারাকে অক্ষণ কলকাতা বা আরও উত্তর থেকে দেখতে পাবে না।




শীতের আকাশ

শীতের মেঘহীন আকাশে বে তারামণ্ডলটি সবচেয়ে আগে চোরে পড়ে তার নাম কালপুরুষ বা ওরায়ন (Orion)। বেশ করেকটি উজ্জল তারা নিয়ে তৈরী তারামণ্ডলটিতে বোঝার বেশে একটি মাঝের আকৃতির কঢ়না করা হয়েছে। মাঝুষটির এক হাতে আছে ঢাল, অপর হাতে ধূমুর। তার কঠিবক্ষে ঝুলছে ধাপে ঢাকা তরঙ্গরাল।

কালপুরুষ তারামণ্ডলের সবচেয়ে বেশী উজ্জল তারাটির নাম বাধরাজা বা রাহিজেল (Rigel)। নৌকচে আভার সাদা রং এর এই তারাটি রয়েছে কালপুরুষের বীং পায়ে। তারা হিসেবে বাধরাজার বেশ করেকটি বৈশিষ্ট্য আছে। তারাটির ব্যাস সূর্যের প্রায় 33 গুণ আর উজ্জ্঳ সূর্যের তুলনায় প্রায় 55,000 গুণ। পৃথিবী থেকে বাধরাজার দূরত্ব প্রায় 1200 আলোক বর্ষ।

কালপুরুষ তারামণ্ডলের আর একটি উজ্জল তারা আর্জী বা বিটেলজাস (Betelgeuse)। এটিকে দেখতে পাবে কালপুরুষের ভান কাঁধে। নৌকচে হলদে রং এর তারাটি বিশাল। এর ব্যাস সূর্যের প্রায় 450 গুণ, কিন্তু এ ব্যাস সব সময় এক ধাকে না, যথেষ্ট কমে বাঢ়ে। সেজন্ত আর্জীর উজ্জল্যেও যথেষ্ট কম বেশী হয়। যখন সব চেয়ে বেশী উজ্জল সে সব আর্জীর অভাৰ্তা 0.3, কিন্তু সবুজ সময় এর অভাৰ্তা

কমে দাঢ়ায় 1.1। পৃথিবী থেকে আর্জীর দূরত্ব 520 আলোক বর্ষ। কালপুরুষের বীং কাঁধের তারাটির নাম বেলাট্রিক্স (Bellatrix)। কালপুরুষের কঠিবক্ষের তিনটি তারাকে দেখা যাব একই সরলরেখায়। এদের মধ্যে 'এ' তারাটি রয়েছে ব-বিষ্ণুর ঠিক উপরে। তাই আকাশে এটির চলন ঠিক পূর্ব থেকে পশ্চিমে। এটি উদয় হয় ঠিক পূর্বে, অন্ত যাব ঠিক পশ্চিমে। এখানে একটা কথা



ছবি—19 কালপুরুষের আশে ধাপে তারামণ্ডল

বলে রাখি: কালপুরুষ যখন সবে উদয় হচ্ছে (নভেম্বরের মুকুতে রাত ৭টা মাগাত) তখন তাকে জেবার সবচেয়ে সহজ উপার হলো এই তিনটি তারাকে চিনে নেওয়া।


কালপুরুষের কঠিবক্ষের নৌচে, যেখানে ধাপে ঢাকা তরঙ্গরালের কঢ়না করা হয়েছে, সেখানে দেখতে পাবে অস্পষ্ট আলোর একটা ছোপ। ওটা আসলে একটি নীহারিকা নাম ওরায়ন নেবুলা (Orion nebula) বা 'এম-42'। দূরবীনে নীহারিকাটির হালকা স্বুল রং-এর গ্যাসীয় ঝাপ চোখে পড়ে। মহাকাশে এম-42 এর মত গ্যাসীয় পিণ্ডের ভেতরেই তারাদের জন্ম হয়।

কালপুরুষে হৃষি চান্দ্র নক্ষত্র আছে। তারামণ্ডলের 'M'-ভারাটি (যেটি কালপুরুষের মাথা) হলো মৃগশীর্ষ নক্ষত্র। অন্যটি আর্জি শার বিষয় আগে বলেছি।

কালপুরুষ মধ্যগমন করে 1লা জাহুয়ারি রাত 11টায় এবং 1লা অক্টোবর তোর 5টা নাগাদ। পৌর মাঘ মাসে তারা মণ্ডলিকে আর সারা রাত ধরেই আকাশে দেখতে পাবে।

কালপুরুষকে ভালভাবে চিনে রাখলে একে কেন্দ্র করে বেশ কয়েকটি তারামণ্ডলকে সহজেই খুঁজে নিতে পারবে, যেমন ছবিতে দেখানো হয়েছে।

কালপুরুষের উত্তর পশ্চিমে রয়েছে বাণিচক্রের তারামণ্ডল বৃষ বা টুরাস্ (Taurus)। এর দুর চেয়ে উজ্জল তারা রোহিণীকে দেখতে



ছবি-20 বৃষাশি

পাবে কালপুরুষের বাঁহাতে ধরা চালের ঠিক ওপরে। রোহিণীর বিদেশী নাম অ্যালডেবারান (Aldebaran)। রেহিণীকে দেখতে প্রায় আর্জির মতই, লালচে হলদে রং এবং, তবে এর উজ্জ্বল আর্জির তুলনায় কম। রোহিণী ছাড়া বৃষাশিতে আর একটি উজ্জ্বল তারা আছে নাম 'এল-নাথ' (El-Nath)।

বৃষাশির সবচেয়ে আকর্ষণীয় জিনিষ হৃষি তারাপুঁজ। আকাশ পরিকার ধাকলে রোহিণীর আশেপাশে গোটাদশেক ছোট ছোট তারা চোখে পড়বে। তারাপুঁজটির বিদেশী নাম হায়াডিজ (Haydes)। ভারতীয় মতে এটিকে রোহিণী চান্দ্র নক্ষত্রের অন্তর্ভুক্ত বলেই ধরা হয়। রোহিণীকে নিঃহায়াডিজ তারাপুঁজটিকে দেখান অনেকটা ইংরেজি অক্ষর 'V' এর মত।

এখানে একটা কথা মনে রেখ। পৃথিবী থেকে রোহিণীকে হায়াডিজ তারাপুঁজের অন্তর্ভুক্ত মনে হলেও আসলে কিন্তু তা নয়। পৃথিবী থেকে হায়াডিজ-এর দূরত্ব প্রায় 130 আলোক বর্ষ। সে তুলনার রোহিণীর দূরত্ব মাত্র 68 আলোক বর্ষ। মহাকাশে একই দৃষ্টি পথে রয়েছে বলেই অমন মনে হয়।

বৃষাশির দ্বিতীয় তারাপুঁজটিকে দেখতে আরও শুল্ক নাম কুস্তিকা বা পিয়াডিজ (Pisces)। একে দেখতে পাবে মে-ব্রাশির ঠিক পূর্বে। কুস্তিকা পুঁজের সাতটি তারাকে অনারামে শুধু চোখে দেখা যাব। সে জন্য একে 'সাত ভাই চশ্চ'ও বলা হয়। আকাশ খুব পরিকার ধাকলে দশটি তারা চোখে পড়তে পারে, তার বেশী নয়। দূরবীনে অবশ্য একশ রও বেশী তারা দেখা যাব। তারাপুঁজের সবচেয়ে উজ্জ্বল তারাটির নাম এল্যালসাইন (Alcyone)। পৃথিবী থেকে কুস্তিকা তারাপুঁজের দূরত্ব প্রায় 500 আলোক বর্ষ। রোহিণী ও কুস্তিকা হইই চান্দ্র-নক্ষত্র।

কুস্তিকা মধ্যগমন করে 1লা জাহুয়ারি রাত 7টায় এবং 1লা নভেম্বর তোর 3টে নাগাদ। রোহিণী মধ্যগমন করে 1লা ফেব্রুয়ারি রাত 8টায় এবং 1লা অক্টোবর তোর 4টে নাগাদ।

বৃষাশির ঠিক উত্তরে রয়েছে প্রজাপতি বা অরাইগা (Auriga) তারামণ্ডল। এতে বেশ কয়েকটি উজ্জ্বল তারা রয়েছে বলে সহজেই চেনা যাব। পাঁচটি উজ্জ্বল তারা নিয়ে তৈরী এর বিশাল পঞ্চভূজটিকে দেখতে পাবে বৃষের ঠিক মাধ্যাবর ওপর। পঞ্চভূজের দক্ষিণ প্রান্তের তারাটি অবশ্য বৃষাশিরই অন্তর্ভুক্ত। প্রজাপতি তারামণ্ডলের সবচেয়ে

উজ্জল তারাটির নাম ব্রহ্মদয় বা ক্যাপেলা (Capella)। হালকা হলুবে রং-এর তারাটির প্রভা 0.2। ব্রহ্মদয় মধ্যগমন করে 20শে জানুয়ারি রাত 9টা নাগাদ এবং 20শে অক্টোবর ভোর 3টে নাগাদ।

আকাশ পরিষ্কার ধাকলে ব্রহ্মদয়ের ঠিক দক্ষিণে ডিভুজের আকারে তিনটি ছোট তারা দেখতে পাবে। এদের মধ্যে <-তারাটি জ্যোতির্বিজ্ঞানীদের কাছে এক বিশয়ের বস্ত। চতুর্থ প্রভার এই তারাটি আসলে একটি যুগল তারা কিন্তু এর সঙ্গী তারাটিকে দেখা যায় না কারণ সেটি আলো বিকীরণ করে না। জ্যোতির্বিজ্ঞানীরা তারাটি থেকে বেরিয়ে আসা অবস্থাহিত রশ্মি বা infrared rays অধ্যয়ন করেই এর বিষয় জানতে পেরেছেন। তাদের এতে অনুস্তু এই তারাটি সম্বৃত: মহাকাশের সবচেয়ে বড় তারা। তার ব্যাস প্রায় 300 কোটি কিলোমিটার, মানে আমাদের সূর্যের ব্যাসের 2100 গুণ। অতিকার এই অদ্ভুত তারাটি রয়েছে পৃথিবী থেকে 3400 আলোক বর্ষ দূরে।

উভর আকাশে প্রজাপতি^ও অ্যানড্রোমেডার মাঝেরামে রয়েছে পারসিউল (Perseus) তারামণ্ডল। এ তারামণ্ডলটিতে মাত্র একটি উজ্জল (বিতীয় প্রভার) তারা আছে (ছবিতে <-তারা), যাকি সবই ভূতীয় বা চতুর্থ প্রভার তারা। <-তারাটিকে খুঁজে পেতে হলে অ্যানড্রোমেডার ১-ও ২-তারা ছাটিকে যোগ করে সেই রেখাটিকে পুরুষকে বরাবর বাড়িয়ে দাও তাহলেই হবে। অবশ্য আকাশ পরিষ্কার ধাকলে ব্রহ্মদয়ের পশ্চিমে এ তারাটিকে চিনতে খুব অসুবিধে হবে না।

পারসিউল তারামণ্ডলের সবচেয়ে বড় আকর্ষণ অ্যালগল (Algol) নামক তারাটি। অ্যালগলের বৈশিষ্ট্য এর উজ্জল্য নিয়মিত বাঢ়ে কমে। বদি পর পর কয়েক রাত ধরে তারাটিকে লক করো তাহলে দেখবে প্রতি আড়াই দিনে (59 ঘণ্টা বাদে) এর উজ্জল্য কমতে শুরু করে। এর প্রভা 2.2 থেকে কমতে কমতে প্রায় পাঁচ ঘণ্টার মধ্যে

হয়ে দাঢ়ার 3.5। তারপর প্রবর্তী পাঁচ ঘণ্টা ধরে আবার তা বাড়তে থাকে এবং আগেকার উজ্জল্যে কিমে আসে। তারপর আড়াই দিন একই থাকে। এমনটা হয় কারণ অ্যালগল আসলে একটি বৃক্ষ তারা—এর সঙ্গে আরও একটি তারা আছে যার প্রভা অনেক কম। ঘণ্টো একে অপরকে পাক খেরে ঘুরছে বলে প্রতি 59 ঘণ্টা অন্তর কম প্রভার তারাটির পৃথিবী আর উজ্জল তারাটির মাঝে এসে পড়ছে, অনেকটা যেনন হয় পৃথিবীতে সূর্যগ্রহণের সময়। এর ফলেই উজ্জল তারাটি করেক ঘণ্টার জন্যে ঝান হয়ে যাচ্ছে।

উভর আকাশ থেকে এবারে কালপুরুষের দক্ষিণের করেকটি তারামণ্ডলের দিকে নজর দেওয়া বাক। কালপুরুষ বখন মধ্যগমন করছে, মানে বখন দে আকাশে সবচেয়ে উচুতে রয়েছে, তখন দক্ষিণ দিগন্তের একটু উপরেই খুব উজ্জল একটা তারা দেখতে পাবে। ওটা হলো অগন্ত বা ক্যানোপাস (Canopus)। আকাশের সবচেয়ে উজ্জল তারামণ্ডলির মধ্যে এটি বিতীয় (প্রভা—0.7)। দক্ষিণ আকাশের তারা বলে অগন্ত্যকে ভাইতের উত্তরাখণ থেকে দিগন্তের উপরে খুব অল্প সমরের জন্যেই দেখা যায়। দক্ষিণ দিগন্তের সবচেয়ে উপরে একে দেখতে পাবে কেকয়ারি মাসের উকতে রাত 10টা নাগাদ, আবার নভেম্বর মাসের উকতে ভোর 4টের সময়।

আকাশের সর্বোজ্জল তারাটির নাম সূক্ষক লা সিরিয়াস (Sirius), প্রভা—1.4। এটি রয়েছে ক্যানিস মেজর (Canis Major) তারামণ্ডল। একে দেখতে পাবে কালপুরুষের দক্ষিণ পুরে। সূক্ষক মধ্যগমন করে 1লা কেকয়ারি রাত 10টার এবং 1লা নভেম্বর ভোর 4টে নাগাদ।

বসন্তের আকাশ

মেষ ও শূব্রের পরে বাশিচত্রের তৃতীয় রাশি মিথুন রাশি বা জেমিনি (Gemini) রয়েছে কালপুরুষের উভর পূর্বে। বসন্তের আকাশে একে দেখতে পাবে প্রায় মাঝার ওপরে।

মিথুন রাশিকে চিনতে হলে অথবাই এর দ্঵িতীয় উজ্জ্বল তারাকে চিনে নিতে হবে। কালপুরুষের বাপরাজা ও আর্দ্রা তারাগুটিকে ঘোগ করে সেই রেখাটি যদি উভর পূর্ব বরাবর বাড়িয়ে দ্বারা তাছলেই এদের খুঁজে পাবে। তারা দ্বিতীয় যেটি বেলী উজ্জ্বল (বাশির ষ-তারা) সেটির নাম অথবা পুনর্বসু বা পোলার্স (Pollux)। অথবা প্রভাব লাভে রং-এর তারাটি রয়েছে পৃথিবী থেকে 35 আলোকবর্ষ দূরে। অথবা পুনর্বসুর পশ্চিমের তারাটি মিথুন রাশির ৷-তারা, নাম দ্বিতীয় পুনর্বসু বা ক্যাস্টর (Castor)। নৌকে সাদা রং-এর এ তারাটি দ্বিতীয় প্রভাব তামা, পৃথিবী থেকে দূরে 45 আলোক বর্ষ। শুধু চোখে দেখে দ্বিতীয় পুনর্বসুকে একটি তারা বলেই মনে হয়। আসলে কিন্তু এটি মুগ্ধ তারা। ছোট দূরবৈনে বা বাইনো-ক্যালারে দ্বিতীয় তারাটি চোখে পড়ে। অথবা পুনর্বসুকে চাঞ্চল নক্ষত্র পুনর্বসু হিসেবে ধরা হয়।



চিত্র—21 মিথুনাদি
দেখা যাব আর্দ্রা ও অথবা পুনর্বসুর ঠিক মাঝারানে।

মিথুনরাশির বাকি তারাগুলি যদিও খুব একটা উজ্জ্বল নয়, আকাশ পরিষ্কার থাকলে তাদেরও সহজেই খুঁজে নিতে পারবে। সব মিলিয়ে তারামণ্ডলটিতে দ্বিতীয় মাঝারের আকৃতি করানো করা হয়েছে। পুনর্বসু দ্বিতীয় মধ্যগমন করে মাটের মাঝামাঝি হাত ৪টা নাগাদ এবং ১লা ডিসেম্বর ভোর তিনিটে নাগাদ।

মিথুনরাশির দক্ষিণে কিছু দূরে যে উজ্জ্বল তারাটি চোখে পড়ে সেটির নাম প্রথম (Procyon), অর্থাৎ ০.৪। যে তারামণ্ডলে এটি রয়েছে নেটি খুবই ছোট, নাম ছোট কুকুরমণ্ডল বা ক্যানিস মাইনর (Canis Minor)। অর্থাৎ ছাড়া তারামণ্ডলটিতে বিশেষ কিছু দেখবার নেই। এর ৩-তারাটির অর্থাৎ ৩। পৃথিবী থেকে প্রথমের দূরত্ব ১1.৩ আলোকবর্ষ। অর্থাৎ মধ্যগমন করে মাটের শুরুতে হাত ৭টা নাগাদ এবং ডিসেম্বরের শুরুতে ভোর তিনিটে নাগাদ।

ছোট কুকুরমণ্ডলের দক্ষিণে রয়েছে বৃহৎ কুকুরমণ্ডল বা ক্যানিস মেজর (Canis Major)। আকাশের সবচেয়ে উজ্জ্বল তারা লুকক রয়েছে এই তারামণ্ডলেই। লুককের বিষয় আগে কিছু বলেছি, তবে আরো কিছু বলার আছে।

লুককের বৈশিষ্ট্য এর অসাধারণ উজ্জ্বল্য। গ্রামের আকাশে তারাটির উজ্জ্বল্য অনেক সময় চোখ ধারানো মনে হয়। কখনও কখনও একটা অঙ্গুত ব্যাপার হয়ত তোমাদের চোখে পড়বে। লুকক ব্যথন দিগন্তের কাছাকাছি থাকে তখন মনে হয় তারাটি যেন থেকে থেকে রং বদলাচ্ছে। কখনও সে দেখায় উজ্জ্বল নৌল রং-এর, কখনও লাল, আবার কখনও বা সবুজ রং-এর। ব্যাপারটা অনেকটা ইরের আঁটিতে আলো পড়লে যেমন দেখায় তেমন মনে হয়। আসলে




চিত্র—22 বৃহৎ কুকুর মণ্ডল
কাছাকাছি থাকে তখন মনে হয় তারাটি যেন থেকে থেকে রং
বদলাচ্ছে। কখনও সে দেখায় উজ্জ্বল নৌল রং-এর, কখনও লাল,
আবার কখনও বা সবুজ রং-এর। ব্যাপারটা অনেকটা ইরের
আঁটিতে আলো পড়লে যেমন দেখায় তেমন মনে হয়। আসলে

কিন্তু সেবকম কিছু নয়। অমনটা হয় কেবলমাত্র পৃথিবীর বায়ুমণ্ডলে
পরিষর্জনের দরুণ।

শূকরের অসাধারণ উজ্জলের দরুণ একে কথনও কথনও দিনের
আকাশেও দেখা সম্ভব। শুনে হয়ত তোমরা অবাক হবে, কিন্তু
এতে অবাক হবার কিছু নেই। দিনের আকাশে চাঁদকে তোমরা
নিশ্চয়ই দেখেছ। তৃতীয়া বা চতুর্থীর ফালি চাঁদকেও মীল আকাশে
পরিষার দেখতে পাওয়া যায়। শুভরাত্রি দিনের আকাশে শূকরকে
দেখতে পাওয়াটাও যে অসম্ভব নয় তা নিশ্চয়ই বুঝতে পারছো।
অবশ্য এখানে একটা কথা মনে রাখতে হবে। দিনের আলোর
শূকরকে খুঁজে বের করতে হলে আকাশের ঠিক কোথার দেখতে
হবে সেটা অবশ্যই জানা চাই, নইলে তাকে খুঁজে পাওয়া দুক্ত।
ছোট দূরবীন বা অপেরা প্লাস হলে আরও ভাল হয়।

শূকর ছাড়া বহু কুকুরমণ্ডলের বেশ কয়েকটি তারা সহজেই
চোখে পড়ে। তাদের নিয়ে তারামণ্ডলাটিতে একটি কুকুরের আকৃতির
কল্পনা করা হয়েছে। তোমরাও হয়ত তাকে চিনে নিতে পারবে।



চিত্ৰ—23 কক্ষ রাশি

গৌরাণিক কাহিনীতে কুকুরটি কালপুরুষেরই সঙ্গী, আর সেজন্য
তারই পাশে একে দেখা যায়।

রাশিচক্রে বিধুনের পরের রাশি কক্ষ বা ক্যান্সার (Cancer)।
তারামণ্ডলাটিতে একটিও উজ্জল তারা নেই বলে একে খুঁজে পাওয়া
কঠিন। চতুর্থ ও পঞ্চম প্রভাব তারা নিয়ে তৈরি তারামণ্ডলাটিতে

একটি কীকড়ার আকৃতির কল্পনা করা হয়েছে। তবে আকাশ খুব
পরিষার না থাকলে কিছুই চোখে পড়ে না।

তারামণ্ডলাটিতে একটি শুধুর তারাপুঁজি আছে, নাম Praesepe
বা মৌচাক তারাপুঁজি। আকাশ পরিষার থাকলে শুধু চোখেই
হয়ত এটিকে দেখতে পাবে। শুধু চোখে দেখে মনে হয় আবছা
আলোর ছোপ, কিন্তু ছোট দূরবীনে আসাদা আসাদা তারামণ্ডলিকে
দেখা যায়। চোখে পড়ে প্রায় গোটা জলিশেক তারা। পৃথিবী
থেকে মৌচাক পুঁজির দূরত্ব 500 আলোকবর্ষ।

কক্ষ রাশির 4-তারাটি চাতুর নক্ষত্র পুঁজি। অনেকে অবশ্য
মৌচাকপুঁজিকেই পুঁজি বলে মনে করেন। মৌচাকপুঁজি মধ্যগমন করে
মার্চের মাঝামাঝি বাত ৭টায় এবং ডিসেম্বরের মাঝামাঝি ভোর
৩টে নাগাদ।

কক্ষ রাশির পরের রাশি সিংহ। একে দেখতে পাবে কক্ষ রাশির ঠিক পূর্বে। সিংহ রাশির বেতে তারাটি চাঁদ করে চোখে পড়ে
তার নাম মধ্যা, বিবেকী নাম রেগুলাস् (Regulus)। এর প্রভা
1.36, মানে তারাটি বেশ উজ্জল। মধ্যা বৈশিষ্ট্য এটি রয়েছে
ক্রান্তিবন্দের ঠিক ওপরে। পৃথিবী থেকে তারাটির দূরত্ব 84
আলোকবর্ষ। মধ্যাকে ভালভাবে চিনে নিলে কক্ষ রাশিকে
সহজেই খুঁজে পাবে কালপণ কক্ষ রাশি রয়েছে মধ্যা ও পুনর্বসু
তারামণ্ডলির ঠিক মাঝামাঝি।

মধ্য মধ্যগমন করে এপ্রিলের প্রথম সপ্তাহে বাত ৭টা নাগাদ
এবং ডিসেম্বরের মাঝামাঝি ভোর চারটে নাগাদ।


মধ্যার দক্ষিণে, একটি পশ্চিমের দিকে, বিভীষণ প্রভাব একটি
তারা দেখতে পাবে। তারাটির নাম অ্যালফার্ড (Alphard)।
এটি রয়েছে হৃদসর্প বা হাইড্রা (Hydra) তারামণ্ডলে। হৃদসর্প
তারামণ্ডলটি বিঞ্চি। কহিটাৰাশির ঠিক দক্ষিণ থেকে তুলাৰাশি
পর্যন্ত এর বিস্তৃতি। কিন্তু অ্যালফার্ড ছাড়া এতে আর দেখবার কিছু
নেই। তারামণ্ডলের 4-তারাটি চাতুর নক্ষত্র অঞ্জেবা।

ছায়াপথ

রাতের আকাশে তারামণ্ডলগুলিকে চিনে নেবার সময় কখনও কখনও আকাশের এক প্রাণ্ত থেকে আর এক প্রাণ্ত বিস্তৃত ৫৫ড়া ফিতের মত আবছা আলোর ছোপ হয়ত তোমাদের চোখে পড়েছে। ওটাই হলো ছায়াপথ। শুধু চোখে আবছা আলোর ছোপের মত দেখালেও আসলে কিন্তু ওটা কোটি কোটি তারার সমষ্টি বা ছোট মূরবিন বা বাইনোকুলারে পরিষ্কার দেখা যায়।

জ্যোতির্বিজ্ঞানের ভাষায়, ছায়াপথ বা Milky Way এক হিশাল কুণ্ডলী গ্যালাক্সী (Spiral galaxy) যার মধ্যেই রয়েছে এই পৃথিবী, এহ, উপগ্রহ, সূর্য সমূহের আমাদের সৌরমণ্ডল। আসল কাচের মত মাঝবানটা ফোলা পাতলা চাকতির আকারের এই কুণ্ডলীর ব্যাস প্রায় এক লক্ষ আলোকবর্ষ। সে তুলনায় পুরো সমূহের ব্যাস ছায়াপথের ব্যাসের দশ কোটি ভাগের এক ভাগ মাত্র। যদি কলকাতার সন্টলেক স্টেডিয়ামকে আমাদের ছায়াপথের মধ্যে নেওয়া যায় তাহলে তাতে সৌরমণ্ডলের আনন্দন হবে একটা ভাইরাসের চেয়েও ছোট, অর্থাৎ তাকে শুধু চোখে দেখা যাবে না। ঐ বিশাল ছায়াপথের মধ্যে সৌরমণ্ডল রয়েছে একগুচ্ছে, কেবল থেকে প্রায় 50 হাজার আলোকবর্ষ দূরে। কোটি কোটি তারার সমষ্টি এই কুণ্ডলীটি কিন্তু খির নেই। সেটা ক্রমাগত পাক থাকে, তবে খুবই ধীরগতিতে প্রায় কুড়ি কোটি বছরে এক বার।

এখন হয়ত তোমরা জানতে চাইবে, তাহলে আকাশে ছায়াপথকে লম্বা আলোর ফিতের মত দেখাব কেন? এর উত্তর খুবই সোজা। যেহেতু ছায়াপথের আকার চ্যাপ্টা চাকতির মত, ছায়া-



ছবি-21 ছায়াপথ গ্যালাক্সি

পথের তল বরাবর সূর্য পথে অসংখ্য তারার সমষ্টি চোখে পড়বে। কিন্তু তলের লম্ব বরাবর দৃষ্টিপথে তা হবে না কারণ সে দিকে তারার সংখ্যা খুবই কম। সুতরাং ছায়াপথের ভেতরে যে কোনও বিন্দু থেকে পুরো গ্যালাক্সীটাকে একটা তারার মেঝের মত দেখাবে। পৃথিবী থেকেও তাই হয়। তবে যেহেতু সৌরমণ্ডল ছায়াপথের একগুচ্ছে রয়েছে, সেজন্ত পৃথিবী থেকে ছায়াপথের কেবল যেদিকে সেদিকের অংশটা বেশি ঘন ও উজ্জ্বল দেখায়। যে সব তারামণ্ডলগুলিকে পৃথিবীর আকাশে দেখা যাব তারাসকলেই ছায়াপথের মধ্যেই রয়েছে।

রাতের আকাশে ছায়াপথকে দেখতে পাবে উভয়ে ক্যাসিওপিয়া তারামণ্ডল। সেখান থেকে দক্ষিণ পূর্বে পারসিউস, প্রজ্ঞাপতি, মিথুন ও কালপুরুষকে পেরিয়ে সে চলে গেছে দক্ষিণ ক্রমের মধ্য দিয়ে। তারপর আবার উত্তরমুগ্ধী হয়ে সেটরাস, বৃষ্টিক, ধূম, সর্পমণ্ডল, মেনমণ্ডল ও ইংসমণ্ডল পার করে ফিরে এসেছে ক্যাসিওপিয়াতে। অধম প্রভাব একুশট তারার মধ্যে বোলটিকে দেখতে পাবে ছায়াপথের মধ্যে বা তার আশেপাশে।

একটু লক্ষ করে দেখলেই বুঝতে পারবে যে ছায়াপথের উজ্জ্বল
সূর জ্যোগাম এক নয়, কেবল বেন জোড়াভালি দেওয়া মনে হয়।
এর কারণ হ'চি। প্রথমতঃ ছায়াপথ গ্যালাক্সীর মধ্যে তারার
সমাবেশ হোটেই স্থূল নয়, কোথাও বেশি কোথাও কম। দ্বিতীয়তঃ
ছায়াপথের মধ্যে ধূলিকণার বিশাল বিশাল স্তোৱ রয়েছে বা তারার
আলো অটকায়। ফলে রাতের আকাশে ছায়াপথকে অনেকটা
চৰ পঢ়া নদীর মত দেখায়।

ছায়াপথকে দেখার সব চেয়ে ভাল সময় হলো আগস্ট ও
সেপ্টেম্বর মাস। এই সময়টা বর্ষার পৰি আকাশ স্বচ্ছ থাকে। তাছাড়া
এই সময়েই বৃক্ষিক, ধূল, খেন ও হংসমণ্ডল আকাশে দেখা যায়।
আকাশের এই অংশটাই ছায়াপথের উজ্জ্বল অগ্নেশ্বরীত বেশি।
তাছাড়া ছোট দূরবিনে বা বাইনোকুলারে বৃক্ষিক আৰ ধূলুৱাশিৰ
মধ্যেকার এলাকায় বেশ কয়েকটি সূলৰ বৰ্তুলাকার তাৰকাঙ্গজ
(globular cluster) দেখতে পাবে।

তবে একটা কথা মনে রেখ, শহরের ধূলো খোয়া আৰ বিজলী
বাতিৰ চোখ ধীৰানো আলোৰ মধ্যে দিয়ে ছায়াপথকে খুঁজে বেৱ
কৱা আৱ অসম্ভব ব্যাপার। ছায়াপথের সৌন্দৰ্য উপভোগ কৰতে
হলে চলে বেতে হৰে শহুৰ ধেকে দূৰে, যেখানে এসব নেই।

রাতের আকাশে গ্ৰহ

ছায়াপথ ছাড়া আকাশে তাৰামণ্ডলগুলিৰ মাঝে কখনও কখনও
কিছু উজ্জ্বল জ্যোতিকে দেখতে পাওয়া যাব যাদেৱ শুধু চোখে
অবিকল তাৰার মত দেখায়। কিন্তু কিছুদিন লক্ষ্য কৰলেই দেখা
যাব যে সেজলি তাৰার মত শ্বিল নয়। বৰং ক্ৰমাগত স্থান পৰিবৰ্তন
কৰছে। ঐচলমান জ্যোতিকগুলিই গ্ৰহ।

তোমোৱা হৱত জানো বে গ্ৰহৱা আমাদেৱ সৌৱ পৰিবাৰেই
নদৃষ্ট। শুধু চোখে তাৰাদেৱ মত দেখালৈও পৃথিবী ধেকে তাৰে
দূৰত্ব খুবই কম। আৱ সেজল্যই আকাশে তাৰে চলন অত সহজে
চোখে পড়ে।

সৌৱমণ্ডলৰ কেবল পাঁচটি গ্ৰহ পৃথিবী ধেকে শুধু চোখে দেখা
যাব। সেজলি যথাকৰ্মে বৃষ, শুক্ৰ, মঙ্গল, বৃহস্পতি ও শনি।
ইউৱেনাসকে ছোট দূৰবীনেও দেখা যায়, কিন্তু নেগচুন ও প্লুটোকে
দেখাৰ জন্য চাই খুব শক্তিশালী দূৰবীন।

আকাশে তাৰামণ্ডলগুলিৰ মাঝে গ্ৰহদেৱ চেনা কঠিন মনে হলৈও
আসলে কিন্তু তা নয়। এৰ প্ৰধান কাৰণ গ্ৰহগুলি (প্লুটো বাদে)
কখনোই ক্রান্তিবৃত্তেৰ দুপাশে ১৫জীৱৰ বেশী দূৰে যাব না। তাছাড়া
বেশীৰ ভাগ সময়েই তাৰে দেখতে পাওয়া যাব রাশিচক্ৰে কোনও
না কোনও তাৰামণ্ডলৰ মধ্যে। স্বতোং যদি রাশিচক্ৰেৰ তাৰা-
মণ্ডলগুলিকে ভালভাৱে চিনে নিতে পাৱো তাৰে তাৰে মাঝে
মঙ্গল, বৃহস্পতি বা শনিকে সহজেই খুঁজে নিতে পাৱবে।

আগেই বলেছি, আপাত দৃষ্টিতে তাৰা ও গ্ৰহদেৱ মধ্যে প্ৰধান
তফাত আকাশে তাৰে অবস্থানেৰ ক্ৰম পৰিবৰ্তন। তাৰামণ্ডল-
গুলিকে যদিও প্ৰতিদিন প্ৰায় এক ডিগ্ৰী কৰে পঞ্চিয়ে সৱতে দেখা

বাবু, তাতে তারাদের পারস্পরিক অবস্থানের কোনও পরিবর্তন হয় না। কিন্তু গ্রহদের বেদায় তা নয়। যেমন ধরো, শুক্র সূর্যের খুব কাছে আকাশ দরপ আকাশে তার গতি খুব ক্রস্ত। কখনও কখনও তাকে দিনে 2 ডিগ্রী পর্যন্ত সরে যেতে দেখা যায়। অপরদিকে, সূর্য থেকে মূলে থাকার দরপ শনির গতি খুবই মন্ত্র—এক মাসে মাত্র 1 ডিগ্রী বা তারও কম।

শুধু তাই নয়। সূর্যের কক্ষপথে পৃথিবী এবং বাকি গ্রহগুলির পারস্পরিক অবস্থানের ক্রমাগত পরিবর্তনের ফলে একটা মজার ব্যাপার হয়। সাধারণত, আকাশে তারাদের মাঝে গ্রহগুলিকে পশ্চিম থেকে পূর্বে চলতে দেখা যায়। কিন্তু কখনও কখনও কোনও একটি গ্রহের ঐ চলন অন্যমে থেমে যায়। তারপর গ্রহটিকে উটেটো-দিকে, অর্থাৎ পূর্ব থেকে পশ্চিমে চলতে দেখা যায়। কিছুদিন পরে এই-বিপরীত চলনও থেমে যায় এবং গ্রহটিকে আবার পশ্চিম থেকে পূর্বে চলতে দেখা যায়। মঙ্গলের বেলায় এ ব্যাপারটা সহজেই চোখে পড়ে। তবে একটা কথা মনে রেখ, আকাশে গ্রহদের পশ্চিম থেকে পূর্বে বা পূর্ব থেকে পশ্চিমে সরে যাওয়াটা কেবল মাত্র পর পর কয়েকদিন বা কয়েক সপ্তাহ ধরে লক্ষ্য করার পরই চোখে পড়ে। যে কোনও একদিনে তারাদের মতই যে কোনও গ্রহকে আকাশে পূর্বে উদয় হয়ে পশ্চিমে অস্ত যেতে দেখা যায়।

আরও একটা ব্যাপার আছে। তোমরা নিশ্চয়ই জানো যে বৃষ্টি ও শুক্রের কক্ষপথ পৃথিবীর কক্ষপথের ভেতরে রয়েছে। এর কলে একটি গ্রহ ছ'বার এমন অবস্থার আসে যখন তাদের পৃথিবী থেকে দেখা যায় না। এই সময় পৃথিবী, সূর্য ও গ্রহের অবস্থান প্রায় একই সরল রেখার হওয়ার দরকার অনন্য হয়। এই ছ'টি অবস্থাকে সংযোগ (conjunction) বলা হয়। যখন বৃষ্টি বা শুক্র সূর্য ও পৃথিবীর মাঝখানে চলে আসে, অর্থাৎ অবস্থাটা হয় পৃথিবী-গ্রহ-সূর্য, তখন তাকে বলা হয় অন্তসংযোগ (inferior conjunction)। যদি গ্রহটি সূর্যের অপরদিকে থাকে, অর্থাৎ অবস্থাটা হয়ে দাঢ়ায়

পৃথিবী-সূর্য-গ্রহ, তখন তাকে বলা হয় বহিসংযোগ (superior conjunction)।

বুরতেই পারছো, অন্তসংযোগের সময় গ্রহটি পৃথিবীর সব চেয়ে কাছে এসে পড়ে (যদিও তাকে তখন দেখা যায় না), আর বহিসংযোগের সময় পৃথিবী থেকে তার দূরত্ব হয় সব চেয়ে বেশী। তবে এটা কেবলমাত্র বৃষ্টি ও শুক্রের বেলাতেই হয়। বাকি গ্রহগুলির বেলায় ব্যাপারটা হয়ে দাঢ়ায় অন্য রূক্ষ, কারণ সেক্ষেত্রে পৃথিবী-গ্রহ-সূর্য অবস্থাটা হওয়া অসম্ভব। অবশ্য এখানেও ছ'টি অস্তরণ পরিস্থিতি আসে। যেমন, গ্রহ-পৃথিবী-সূর্য এবং পৃথিবী-সূর্য-গ্রহ। প্রথমটিকে বলা হয় প্রতিযোগ (opposition) এবং দ্বিতীয়টিকে বলা হয় সংযোগ। এক্ষেত্রে প্রতিযোগের সময় পৃথিবী থেকে গ্রহের দূরত্ব হয় সবচেয়ে কম, সংযোগের সময় সবচেয়ে বেশী। আরও একটা ব্যাপার হলো এই বে প্রতিযোগের সময় গ্রহটিকে নারা রাত ধরে আকাশে দেখা যায় বা অন্য কোনও সময় হয় না।

এতো গেল গ্রহদের বৈশিষ্ট্যের কথা। এবারে দেখা যাক বিভিন্ন গ্রহকে চেনা যায় কি করে।

শুধু চোখে বে পাঁচটি গ্রহকে দেখা যায় বৃষ্টি তাদের মধ্যে সূর্যের সবচেয়ে কাছের গ্রহ। সে জন্য বৃক্ষকে দেখা খুবই কঠৰ কারণ প্রায় সর্বস্কলই সে সূর্যের তৌজ আলোর চাকা থাকে। বেহেতু বৃক্ষের কক্ষপথ খুবই ছোট, সে কখনই সূর্য থেকে 28 ডিগ্রীর বেশী মূলে থায় না। স্বতরাং তাকে দেখার উপযুক্ত সময় হলো সূর্যাস্তের ঠিক পরে কিংবা সূর্যোদয়ের ঠিক আগে। তবে সেসময়েও বৃক্ষ পাকে আকাশের খুবই নীচে বেখানে দিগন্তের ধূলো ধোঁয়া, ভেদ করে তাকে খুঁজে পাওয়া প্রায় অসম্ভব ব্যাপার। তবে একটা সময় আছে যে সময় কয়েক মিনিটের জন্য বৃক্ষকে আকাশে পরিকার দেখা যায়। সেটা হলো পূর্ণগ্রাস সূর্যগ্রহণের সময় যেমনটি হয়েছিল 19-0 সালের 16 ফেব্রুয়ারি তারিখে। অবশ্য সে সময় বৃক্ষ বদি কোনও সংযোগ অবস্থায় থাকে তাহলে তাকে দেখা যাবে না।

বুধের পরের শহুরে। তোমরা শূর্যাস্তের পর পশ্চিম আকাশে উলজ্জলে 'সন্ধ্যাতারা' বা ভোরের আকাশে 'শুক্রতারা'কে নিশ্চয়ই দেখেছ। ওটাই শুক্রগ্রহ। শুক্রের বৈশিষ্ট্য তার অসাধারণ উজ্জল্য বা তাকে সহজেই চিনিয়ে দেয়।

আগেই বলেছি, শুক্র হ্রাস সংযোগের অবস্থায় আসে। গড়ে হই সংযোগের মধ্যে ব্যবধান থাকে প্রায় 290 দিনের। তার মধ্যে প্রায় 210 দিন, অর্থাৎ সাত মাস ধরে শুক্রকে দেখা যাব—বহিঃসংযোগের পর পশ্চিম আকাশে কিংবা অন্তসংযোগের পরে পূর্ব আকাশে—তবে সমান সময়ের ব্যবধানে নয়।

ব্যাপারটা অনেকটা এরকম। ধরো, বহিঃসংযোগের পর শুক্রকে সবে দেখা গেছে সকে বেলায় পশ্চিম আকাশে, তাহলে আরও প্রায় সাত মাস ধরে তাকে পশ্চিম আকাশে দেখা যাবে। প্রথমে তাকে দ্রুশঃ পূর্বে সরতে দেখা যাবে। প্রায় সাড়ে চার মাস পরে (সূর্য থেকে বখন প্রায় 43 ডিগ্রী দূরে) আবার তাকে পশ্চিম মুখে চলতে দেখা যাবে এবং প্রায় দেড় হ'মান্দের মধ্যেই সে আবার সূর্যের আলোয় চাপা পড়ে যাবে। এর পর প্রায় তিনি সপ্তাহের মধ্যেই, অন্তসংযোগের পর শুক্রকে দেখা যাবে শূর্যোদয়ের আগে পূর্ব আকাশে। এবাবে সে প্রথমে পশ্চিম মুখে চলবে, তারপর বহিঃসংযোগের ঠিক আগে পূর্ব দিকে চলে আবার সূর্যের আলোয় মিলিয়ে যাবে। অন্তসংযোগ ও বহিঃসংযোগের মধ্যে শুক্রকে পূর্ব আকাশে দেখা যাবে প্রায় সাত মাস ধরে। কিন্তু বহিঃসংযোগের পর পশ্চিম আকাশে ফিরে আসতে তার সময় লাগবে প্রায় সাড়ে চার মাস। তারপর এই চক্র চলতে থাকবে।

শুক্রের উজ্জল্য সবচেয়ে বেশী হয় বখন সে আকাশে সূর্য থেকে সবচেয়ে দূরে থাকে, অর্থাৎ হই সংযোগের মাঝামাঝি সময়ে। ঐ সময় তার প্রভা হয়ে দীড়ায়—4·4। বখন তার উজ্জল্য সবচেয়ে কম তখন তার প্রভা হয়—3·3। বুরতেই পারছো, তাতের আকাশে ঠান্ডা ছাড়া শুক্রই হলো সবচেয়ে উজ্জল জ্যোতিক।

আকাশে মঙ্গল গ্রহকে চেনা খুবই সহজ কারণ এর গাঢ় কমলা রংই একে চিনিয়ে দের। রাশিচক্রের চেনা তারাদের মধ্যে যদি অচেনা কোনও উজ্জল জ্যোতিককে দেখতে পাও যাব রং গাঢ় কমলা তাহলে নিঃসন্দেহে বলতে পারো সেটাই মঙ্গল। অবশ্য মঙ্গল যদি বৃক্ষিক রাশিতে থাকে তাহলে হ্যত জ্যোষ্ঠা নক্ষত্রের সঙ্গে তাকে অনেকে শুলিয়ে ফেলতে পারে। তবে তারামণ্ডলটিকে যদি ভাল করে চেনা থাকে তাহলে সে ভুল হবে না।

প্রতিযোগের সময় মঙ্গল পৃথিবীর সবচেয়ে কাছে এনে পড়ে। তখন তার প্রভা হয়ে দীড়ায়—2·8। পৃথিবী থেকে বখন সবচেয়ে দূরে (সংযোগের সময়) তখন এই প্রভা হয়ে যায় +2·0। এই সময় মঙ্গলকে চেনা বেশ কঠিন ব্যাপার। মনে রেখ, মঙ্গলের বেলায় প্রতিযোগ ঘটে প্রতি 26 মাস অন্তর।

বুধ ও মঙ্গলের পর আকাশের তৃতীয় উজ্জল গ্রহ বৃহস্পতি। প্রতি 13 মাস অন্তর প্রতিযোগের সময় বৃহস্পতি বখন পৃথিবীর সবচেয়ে কাছে আসে তখন হলদে রং এর এই জ্যোতিকটির প্রভা হয়ে দীড়ায়—2·3। সে সময় তাকে চিনে নেওয়া খুবই সোজা। সূর্য থেকে দূরে ধাকার দরুন আকাশে বৃহস্পতির গতি খুবই মন্দ। রাশিচক্রের একটি তারামণ্ডল অতিক্রম করতে তার সময় লাগে পুরো এক বছর। সুতরাং একবার যদি তাকে চিনে নিতে পারো তাহলে বছরের পর বছর তার উপর নজর রাখতে পারবে। যেমন ধরো, 1986 সালে বৃহস্পতিকে দেখা গেছে কৃত্তি রাশিতে। আগামী মন্দ তাকে দেখা-যাবে মীন রাশিতে, তার পরের বছর মেষ রাশিতে, এই ভাবে চলতে থাকবে। আরও একটা স্বাধীনে এই বে, বছরে প্রায় 11 মাস ধরে বৃহস্পতিকে আকাশে দেখা যাব, যদিও সে সবচেয়ে মধ্যে তার উজ্জল্যে যথেষ্ট কম বেশী হয়। প্রতিযোগের সময় যদি ছোট দূরবীন বা বাইনোকুলের বৃহস্পতিকে দেখতে পাবে তবে তার চারটি চাদকে পরিষ্কার দেখতে পাবে, তাদের দেখাবে উজ্জলে বৃহস্পতির দুপাশে সারি বাঁধা ছোট ছোট আলোর বিন্দুর মত।

গুরু চোখে যে কটি গ্রহকে দেখা যায় শনি তাদের মধ্যে সবচেয়ে
দূরের এহ। হাকা হলদে রং এর গ্রহটি খুব একটা উজ্জ্বল নয়।
প্রতিযোগের সময় এর প্রভা হয় —0.04। অস্ত সময় আনেক কম,
প্রায় দ্বিতীয় প্রভাব তারা বলেই মনে হয়।

দ্বিতীয় ছাড়াও শনির উজ্জ্বলের তারতম্যের আর এক কারণ তার
বলয়। শনি তার অক্ষে প্রায় 27 ডিগ্রী হলে আছে বলে তার
বলয়টা পৃথিবী থেকে পুরো নজরে আনে না—কখনও বেশ কিছুটা
দেখা যাব আবার কখনও একেবারে অনুভূ হয়ে যাব। যখন
বলয়টা পৃথিবীর দিকে ফিরে থাকে তখন শনিকে সবচেয়ে মেশী
উজ্জ্বল দেখায়। সাত বছর পরে যখন বলয়টা ধার বরাবর অবস্থায়
আনে তাকে প্রায় দেখাই যাব না। সে সময় শনির উজ্জ্বল্যও
বেশ করে যাব। আরও সাত বছর পরে যখন বলয়টা আবার আগের
অবস্থায় ফিরে আনে, শনি তার হারানো উজ্জ্বল্য কিরে পায়।

বহুস্পতির মত শনিরও প্রায় 13 মাস অন্তর প্রতিযোগ ঘটে যে
সময় সামা রাত ধরে তাকে আকাশে দেখা যায়। তবে বহুস্পতির
চেয়ে দূরে আছে বলে আকাশে তার গতি আরও মন্তব্য। রাশি-
চক্রের একটি তারামণ্ডল অতিক্রম করতে শনির সময় লাগে প্রায়
আড়াই বছর।

একটা কথা মনে রেখ, ছবিতে শনির বলয়ের যে চেহারা
তোমরা দেখেছ সেটা কেবলমাত্র খুব শক্তিশালী দূরবীন ছাড়া দেখা
সম্ভব নয়। ছোট দূরবীন বা বাইনোকুলারে প্রতিযোগের সময়
হ্যাত বলয়ের কিছুটা আভায় পাওয়া সম্ভব, কিন্তু তার বৈৰী নয়।
তবে একটা কথা বলে রাখি, 1987 সালের জুন-জুলাই মাসে
প্রতিযোগের সময় শনির বলয়কে পৃথিবী থেকে পরিক্ষার দেখা
যাবে। সে সময় যদি কোনও বড় দূরবীনে শনিকে দেখাৰ সুযোগ
পাও তবে তার মনোরম সৌন্দর্য নিষ্ঠায়ই তোমাদের মুক্ত কৰবে।

একই তারামণ্ডল বছরের কোনু মাসে কোনু সময় দেখা যাবে*

| | | | | | |
|---------------|---------|------|----------------|---------|------|
| 1 জানুয়ারী | রাত | 9টা | 15 জানুয়ারী | রাত | ১টা |
| 1 ফেব্রুয়ারী | সক্র | 7টা | 15 ফেব্রুয়ারী | সক্র | ৬টা |
| 1 মার্চ | বিকেল | ৫টা | 15 মার্চ | বিকেল | ৪টা |
| 1 এপ্রিল | বিকেল | ৩টা | 15 এপ্রিল | হ্যাপুর | ২টা |
| 1 মে | হ্যাপুর | ১টা | 15 মে | হ্যাপুর | ১২টা |
| 1 জুন | সকাল | ১১টা | 15 জুন | সকাল | ১০টা |
| 1 জুলাই | সকাল | ৯টা | 15 জুলাই | সকাল | ৪টা |
| 1 আগস্ট | সকাল | ৭টা | 15 আগস্ট | ভোর | ৬টা |
| 1 সেপ্টেম্বর | ভোর | ৫টা | 15 সেপ্টেম্বর | ভোর | ১টা |
| 1 অক্টোবর | ভোর | ৩টা | 15 অক্টোবর | রাত | ২টা |
| 1 নভেম্বর | রাত | ১টা | 15 নভেম্বর | রাত | ১২টা |
| 1 ডিসেম্বর | রাত | ১১টা | 15 ডিসেম্বর | রাত | ১০টা |

* তালিকায় দিনের সময়ও দেখানো হয়েছে, যদিও সেসময়
তারামণ্ডল দেখা সম্ভব নয়।

প্রথম প্রভাব তারা

| নাম | ক্রং | প্রভা | তারামণ্ডল | অধ্যয়ন করে |
|-----------------------------|-------------|--------|----------------|----------------|
| 1. লুকক | নৌচে সাদা | -1.45 | বৃহৎ কুহুমণ্ডল | 1 ফেব্রুয়ারি |
| 2. অগন্ত্য | হালকা হলুবে | -0.73 | পেরিনা | 26 জানুয়ারি |
| 3. আলকা সেটোরি হলুবে | | -0.10 | সেটোরি | 1 জুন |
| 4. শাতী | কখলা | -0.06 | বুণ্টিস্ | 20 মে |
| 5. অভিজিৎ | নৌচে সাদা | + 0.04 | বীণা | 25 জুনাই |
| 6. অশুব্ধ | হলুবে | 0.08 | প্রজাপতি | 5 জানুয়ারি |
| 7. বাষ্পবাঞ্ছা | নৌচে সাদা | 0.11 | কালপুরুষ | 5 জানুয়ারি |
| 8. প্রথম | হালকা হলুবে | 0.35 | ছোট কুহুমণ্ডল | 12 ফেব্রুয়ারি |
| 9. আখেরীর | নৌচে সাদা | 0.48 | এরিডানাস | 12 নভেম্বর |
| 10. বিটা সেটোরি | নৌচে সাদা | 0.60 | সেটোরি | 18 মে |
| 11. প্রবা | নৌচে সাদা | 0.77 | ফেব্রুয়ারি | 15 আগস্ট |
| 12. আতা | লাল | 0.80 | কালপুরুষ | 15 জানুয়ারি |
| 13. গোহিনী | লাল | 0.85 | বৃষ | 26 ডিসেম্বর |
| 14. আলকাকুসিস্ সাদা | | 0.96 | মক্ষিপ কুস্ | 25 এপ্রিল |
| 15. তিতা | সাদা | 0.96 | কঙ্কা | 7 মে |
| 16. জোষ্টা | লাল | 1.00 | কুণি ক | 25 জুন |
| 17. প্রথম পূর্বব্রহ্ম হলুবে | | 1.15 | মিথুন | 10 ফেব্রুয়ারি |
| 18. ফোমালো | সাদা | 1.16 | মক্ষিপ শীন | 1 অক্টোবর |
| 19. পেনেব | সাদা | 1.25 | হংস মণ্ডল | 30 আগস্ট |
| 20. বিটা কুসিস্ | নৌচে সাদা | 1.26 | মক্ষিপ কুস্ | 30 এপ্রিল |
| 21. মধা | সাদা | 1.4 | মিথু | 15 নোভে |

* শারীর সরু রাত 10৬°F

কয়েকটি তারার ব্যাস*

| নাম | ব্যাস (কিলোমিটার) |
|-------------|-------------------|
| 1. আজৰী | 10,500 লক |
| 2. জ্যোষ্টা | 7,140 " |
| 3. অগন্ত্য | 1,150 " |
| 4. গোহিনী | 476 " |
| 5. শাতী | 322 " |
| 6. অভিজিৎ | 77 " |
| 7. মধা | 66 " |
| 8. প্রথম | 57 " |
| 9. লুকক | 48 " |
| 10. অশুব্ধ | 47 " |
| 11. ফোমালো | 46 " |
| 12. তিতা | 22 " |

* হেবেহ ব্যাস = 14 লক কিলোমিটার

Banglainternet.com